ওঁদের দিয়েছে কিছু টা অধিকার । সেই অধিকারে নিতাই দুলই নির্বাচিত গ্রাম পঞ্চায়েত সদস্য। ভজহরির মত লোকও গ্রামের মাঝে চায়ের দোকান দিতে পেরেছেন। ভজহরির ছেলে পড়াশুনা করেছে উচ্চ জাতের সাথে এবং যেতে পেরেছে শহরের কলেজ-এ। পার্টির এভাবে ছোট জাতকে মাথায় তুলাটা মেনে নিতে পারে নাই গ্রামের অনেক বাবুরা-কিন্তু চুপ।

ভজহরির পলাশপুরের কদম তলায় একটা চায়ের দোকান আছে। যে দুদিন মংলার হাট বসে সে দিনটা তে যা আয়, বাকী-দিন গুলোতে মাছি তাড়ানোর কাজ। সুখের খবর হল, ভজহরির ছেলে তাপস- বি. এ. পাশ। বংশের প্রথম কেউ এত বড়ো একটা পাশ দিতে পারল। তার জন্য ভজহরি গর্ব হয়। কিন্তু বেকার। পাটির লোক-কের কাছে কতবার দরবার করেছেন-কিন্তু কাজের কাজ কিছু হয় নাই। বছরের পর বছর শুধু আশা জাগিয়ে রেখেছে। আসলে ভজহরি বা ভজহরির ছেলে পার্টির কেউ না, কেবল ভোটের সময় ছাড়া। ডাক পড়ে নামে-বেনামে অনেক

ভোট দিতে।

ভজহরির একটু বেশি চুল্লুর নেশা আছে। প্রতিদিন দোকান থেকে ফেরার পথে গোপীনাথের ঠেকে একবার ঢু মেরে যাওয়া চাই। নিন্দুকেরা বলে গোপীনাথ চুল্লুতে নাকি কীটনাশক মেশায়! যাই মেশাক না কেন, গোপীনাথের হাতে যাদু আছে। পেটে পাড়ার সাথে সাথেই-নেশাটা কথা কয়। শরীর টা ফুর-ফুরে হাওয়ায় ভাসে। তখন মাথা মুন্ডুহীন কি যে বকবক করতে থাকে তার কোন ঠিক থাকে না। আবার যাদের উপর রাগ তাদের বাড়িতে গিয়ে তাদের গুষ্ঠি উদ্ধার ও করে আসে। অনেকে এই মজা দেখে, আবার অনেকে মাথা গরম করে দু'চার ঘা বসিয়ে-ও দেয়। আবার নেশা উবে যায় ভোরের আলোতে, তখন ভুলে যায় রাতের কাহিনী।

সে দিনের ঘটনার পর ভজহরি আর গোপীনাথের ঠেকে যান না। সন্ধ্যা হলেই সোজা বাড়ি। পায়েলের ঘটনার পিছনে করো কারো আঙুল কিন্তু ভজহরির দিকে ও ছিল। শুধু পায়েল-ই বাঁচিয়ে দিয়েছে তাঁকে। রটনাটা ঘটনা হতে দেয় নি। কিন্তু তাতে-ও ছেলের রাগ কমে নি। বলে দিয়েছে এবার নেশা করে বাড়ি ফিরলে পা ভেঙ্গে দেবে সে। তাই, দোকান থেকে সকাল-সকাল বাড়ি ফিরে আসেন ভজহরি। যদিও শরীরটা আকু-পাকু করে যাওয়ার জন্য। মেজাজ টা খিচিয়ে থাকে সারাক্ষণ।

তখন মাঝরাত। রাতের খাবার খেয়ে পাট-চালিতে ঘুমিয়ে পড়েছিলেন ভজহরি । হঠাৎ ফিস্-ফিসানি তে ঘুম ভেঙ্গে যায় তাঁর। দেখে নিতাই, সাথে নকুল। নকুলের ঠেলা গাড়ি ভর্তি মাল। এক বস্তা চাল, এক বস্তা আঁটা, এক বস্তা আলু, এক টিন তেল,অনেক জামা কাপড়।

-এত কিছু কেন গো নিতাই? ভোট তো দেরি আছে!-আর তাতে তো এত কিছু কোন দিন পেয়েছে বলে মনে পড়ে না!

নিতাই-তা তো জানি না, নবীন দা বললেন নামিয়ে দিতে-তাই। আর শোন, কাল সন্ধ্যা সাতটা

তে তোমাকে নবীন দা পার্টি অফিসের বাড়িতে দেখা করতে বলেছেন। ভুলো না যেন! আর কেউ যেন না জানে। এমন কি বৌদি-ও না।

পরের দিন সন্ধ্যাতে সোজা চায়ের দোকান থেকে ভজহরি চলে এলেন নবীন বাবুর বাড়িতে। এক মাইল দূর। বাড়ি- ঠিক পার্টি অফিসের পিছনে। তিন তালা প্যালেস বানিয়েছেন নবীনবাবু। জমিদারি আদব-কায়দা। নবীনবাবরা এক সময় ছিলেন জমিদার। ভাগ-বটুয়া, বর্গাদারের জন্য সে ঠাটটা বাকীদের আর নাই। কিন্তু নবীনবাবুর বাবা ছিলেন খুব বুদ্ধিমান। জমিদারি মেজাজ টা ছেড়ে শুরু করে ছিলেন ব্যবসা। লোহা-লোকোর, পাট ও চিটে গুড়ের। সে ব্যবসা

লালে-লাল। কামিয়েছেন প্রচুর। আর সেই বিষয়-স্মপত্তি বাঁচাতে সুযোগ বুঝে নবীনবাবুর পার্টি বদল। বর্গাদার পর্শ করতে পারেনি নবীন বাবুকে।

ভজহরিরা ছোটবেলা থেকে দেখে এসেছেন একটা বড়ো উৎসব হতে নবীনবাবুদের। সাত দিন ধরে বাসন্তী উৎসব, তারপর অষ্টম প্রহর। পূজাতে ভজহরিরা যেতে পারতেন না ঠাকুরের কাছে। দেখতে হতো অনেক দূর থেকে। তবে পেত একটু চিড়ে প্রসাদ। অষ্টম প্রহরে সারা গ্রাম বা আসে-পাশের গ্রাম ডাক পেলেও, ডাক পেত না ভজহরি-রা। তবু অনেক আশা নিয়ে চলে যেতন ভজহরি-রা। সবার-খাওয়া হযে গেলে, তবেই বসত ভজহরিদের পংগত। পেতেন ডাল, বিচে কলার ছিঁচকে, কুমড়োর ঘন্ট আর চাটনি। কোন দিন পেতেন না, আলু-পটল বা এঁচোড় ডালনা বা দই –মিষ্টি। যাত্রা হত ও, কিন্তু বসে দেখতে পেত না ভজহরি রা। দেখতে হত দূরে দাঁড়িয়ে।

আজ সে নবীনবাবুর বাড়িতে। কাজের ছেলেটা ভজহরিকে নিয়ে গেল বাড়ির ভিতরে। ভজহরিকে নিয়ে গিয়ে নিজের অফিস ঘরে বসালেন নবীন বাবু। চারি-দিক খুব ঝক্-ঝকে-তক্ তকে। ইলেকট্রিক আলোতে সারা বাড়ি জল-জল করছে। অনেক যন্ত্রপাতি নিয়ে অফিস। শুধু টিভিটা ভজহরি জানে। বাকী মেশিন-পাতি জন্মে কথাও দেখেছে বলও মনে হয় না।

কি খাবে বলো?

খাবো!

ভজহরি অবাক! অনেক বার এসেছে এখানে। নানান প্রয়জনে। এসেছে ছেলের চাকরী-র জন্য। কিন্তু কখনো তো এক চাপ চা খেয়েছে বলেও ত মনে পড়ে না। শুধু দেখা করার জন্য ঘন্টার পর ঘন্টা বসে থাকতে হয়েছে! কোন দিন দেখা হয়েছে, আবার কোন দিন বসে থেকে থেকে ফিরে য়েতে হয়েছে হতাশ হয়ে। তবেঁ-আজ কি হল!

-না কিছু না।

-না না, খেতে তো হবে তোমাকে। তোমার জন্য ভোলার দোকান থেকে দো-পিঁয়াজি এনে রেখেছি।

-ভোলার দো-পিঁয়াজি! তাহলে তো খেতেই হবে।

এলো গরম গরম দো-পিঁয়াজি। পাশে রাখা রেফ্রিজারেটর খুললেন নবীন বাবু। তাতে হরেক রকমের খাবার রাখা থাকে-থাকে। অনেক বোতলের বাহার-ও। একটা বোতল বের করে নবীন বাবু তুলে ধরলেন ভজহরির চোখের সামনে।

-ভজহরি খাবে নাকি? এটা কিন্তু বিদেশি।

-না দাদা, ছেলেকে কথা দিয়েছি আর ছোঁব না ও সব ছাই-পাঁশ।

- কি ছাই-পাঁশ? ভজহরি এটা তোমার দেশী-চোলাই বা ভাকু নয়, দেখতে পাচ্ছো ইংরাজিতে লেখা-বিদেশি মাল। ও তুমি তো আবার ইংরাজি পড়তে পার না। আর শোন, তুমি এসেছ নবীন মিশ্রের বাড়িতে-আমার উপর কথা বলবে কে আছে এ তল্লাটে? খাও তুমি।

তারপর নবীন বাবু নিজে নিলেন এক গ্লাস আর ভজহরি কে ঢেলে দিলেন বড়ো গ্লাসে এক গ্লাস।

-বেলো তোমার দোকান কেমন চলছে?

- কি চলবে দাদা, ঐ বাজারের দিনটা যা হয়, আর বাকি দিন কিছুই হয় না।

-তা আমি জানি। শোন, আমর পার্টি অফিসের পাশে যে জমি টা পড়ে আছে, ওখানে তো দোকানটা বসাতে পার।

-তা হলে তো দেখতে হয় না দাদা। কিন্তু ও জায়গা কিনার মত তো টাকা নেই দাদা আমার!

- সে তোমাকে চিন্তা করতে হবে না, আমি যখন বলছি তা হয়ে যাবে।

- আপনি ত ভগবান দাদা!

-তোমার ছেলের তো এখনো চাকরী টা হয় নি-না?

- না দাদা, হ'ল আর কই?

-এবার হযে যাবে, নয়নপূর হাইস্কুলে একটা পোষ্ট খালি হয়েছে-এখন।

-সত্যি!

-ভজহরি তুমি নবীন মিশ্র-র সাথে কথা বলছ, মনে থাকে যেন।

-জানি দাদা। আপনার তুলনা হয় না, দাদা।। একটু পায়ের ধুলো দিন।

পায়ের ধুলো নিতে গিয়ে খটাস্ করে টেবিল টা লাগলো ভজহরির মাথায়। আর ব্যাল্যান্স হারিয়ে যাচ্ছিলেনব ভজহরি। যেতেন উল্টে, নবীন বাবু কোন ভাবে ধরে ফেললেন তাঁকে।

-ভজহরি, এবার আমার একটা উপকার করতে হবে যে তোমাকে।

-এ-ল-বাৎ দা-দা। এই ভ-জ-হ-রি নি-ম-ক হা-রা-ম ন-য়। নু-ন খে-লে, গুন-গাইতে এই ভজহরি জানে।

ভজহরি গিলছে গ্লাসের পর গ্লাস । কথা জড়িয়ে যাচ্ছে, জানে না কি বলছে সে। সে তখন পাড় মাতাল।

তখন রাত নয়টা। বাজার পাড়াতে তখনো ও অনেক লোক।পার্টি অফিসের সামনে দাঁড়িয়ে,

থানার বড়বাবু, মেজবাবু, নবীনবাবু। বসে ভজহরি।

বড়বাবু-ফাইনালি পলাশপুরের রেপ্ কেসের কিনারা করতে পেরেছি আমরা। কালপ্রিটাকে ধরতে পেরেছি।। ভজহরির দিকে বড় বাবু আঙ্গুল দেখিয়ে বললেন- এই সেই কালপ্রিট।এই রকম একটা সাদামাঠা লোক এমন একটা অপরাধ করতে পারে তা বিশ্বাস না হ'লে ও, কিন্তু এটাই সত্তি। সে দিনের ঘটনাস্থলে এই ভজহরি কে পাওয়া গিয়েছিল বাজে ভাবে। তা থেকে ভজহরি ছিল আমদের ইন্ভেস্টিগেশনের টার্গেট। আর ধর্ষিতা তাঁর গোপন জবানবন্দিতে বলেছিলেন এমন এক জনের কথা।

ভজহরি একটা চেয়ারে বসে মাথা নিচু করে। চেয়ারে বসেও টলছে সে। একজন কনস্টেবল্ ধরে তাঁকে। কথা বের হচ্ছে না মুখ থেকে।

-ভজহরি ও স্বীকার করেছে ।সে নেশার ঘোরে করে ফেলেছে এমন হিনিওয়াস কাজ।

আবার সেই নেশাগ্রস্থ ভজহরি মাথার উপর একটা আঙ্গুল তুলে স্বীকার করে তা।

উপচে পড়ছে জনতার ভিড়। দেখছে ভজহরি কে।

বড়বাবু তুলে নিয়ে গেলেন ভজহরিকে গাড়ির ভিতরে। আর ঘটনাটা ছড়িয়ে পড়ল গ্রাম থেকে গ্রামে হাওয়ায়-হাওয়ায়।

সকালে ঘুম ভাঙ্গে ভজহরির থানার লক-আপে! অবাক! এখানে কি করে এল সে! তার শুধু মনে পড়ে সে গিয়ে ছিল নবীনবাবুর বাড়িতে। মদ আর দো-পিঁয়াজি যে খেয়ে ছিল তাও মনে পড়ে। তারপর-... দোকান...চাকরী... তারপর কি সব আধা-আধা-গোলমেলে ব্যাপার ছিল....!

একটা পুলিশের লোককে দেখে ডাকল কাছে।

-ও ভাই আমি কেন এখানে?

-কাছে আয় বলছি। চুলের মুঠিটা ধরে লোহার গেটে মাথাটা কয়েক বার ঠুকিয়ে, পেটে লাঠি খুঁচিয়ে বললেন- বল শালা, বুড়ো হারামি তুই কিছু জানিস না?এখনো ছোকরি দেখলে জিহ্ব লক্-লক্ করে- না!

একটু পরে এল ভজহরির বউ-সীতা। উস্কো-খুস্কো। চোখ দুটো ফুলে জবা ফুল। সারা রাত ঘুম

ছিল না তাঁর চোখে।কিছুতেই মন কে বোঝাতে পারে না সে- যে এ লোকটা এই কাজ করতে পেরেছে। যার সাথে কয়েক যুগের সম্মর্ক। একটু মদের নেশা ছিল তা শুধু সে জাড়ত-কিন্তু মেয়ে মানুষ! তা আবার একটা মেয়ের বয়সি মেয়ে-তার সাথে! লোকটা কি পাগল, না আমাদের পাগল বানাতে চাইছে?

-ও বউ তুই এসেছিস! এরা সব আমায় কি বলছে গো?

- রাতে সবার সামনে যা বললে আর এখন তুমি কিছু জানো না-বলছো?

-আমি! আমি আবার কখন কি বললাম? এই তোর গা ছুঁইয়ে বলছি-

সীতা হাতটা ছুঁড়ে দিয়ে থু-থু করে থুথু ছিটিয়ে দিল একদলা থুতু ভজহরির সারা মুখে। তোমার মত নোংরা লোক যেন আমাকে আর না ছুঁইয়ে। শুধু জানতাম নেশা করো, একটা মেয়ের বয়সী মেয়ের এত বড় সর্বনাশ করতে তুমি পারলে কি করে? আমি কি করে মুখ দেখাব? ছেলে-মেয়েরা কি করে মুখ দেখাবে গো। আমার কি হবে গো? তারপর হাউ-মাউ করে কাঁদতে কাঁদতে লোহার গেটে মাথা ঠকোতে লাগলেন সীতা।

সে দিন সারা রাত দু'চোখ এক করতে পারেনি ভজহরি। চোখ বন্ধ করলেই সীতার করুণ মায়াবী মুখটা ভেসে উঠে চোখের সামনে। কেমন যেন একটা অসহ্য যন্ত্রণায় ছিঁড়ে পড়ছিল মাথাটা। মনে হচ্ছিল পাগল হয়ে যাচ্ছে সে । তারপর শুরু করল মাঝ রাতে চিৎকার।

আমি পায়েলের কিছু করিনি। নবীন মিশ্র ফাঁসিয়েছে আমাকে। শালা নবীন তুই আমাকে জমি আর ছেলের চাকরীর লোভ দেখিয়ে পাপী, কয়েদি বানালি। তোর সর্বনাশ হবে।

একটা সেপাই এসে বলে গেলেন, চুপ করো। না হলে কপালে দুর্ভোগ আছে। মেজবাবু ডিউটিতে।

ভজহরি আরো বাড়িয়ে দিলেন চিৎকারের মাত্রাটা।-কোন শালা মেজবাবু। সব শালা শুয়োরের বাচ্চা।

সিপাইটা এলেন আবার! বন্ধ কর, না হলে মার খেয়ে মরে যাবি।

কোন শালা মেজবাবু, সব শালা পার্টির দালাল।

ছুটে এলেন, মেজবাবু- তুই শালা সাপের সাত পা দেখেছিস না?

যা সত্যি তাই বলছি।

শালা, সত্যবাদী যুধিষ্ঠির। তুই আমাকে চিনিস না?

চিনবো না কেন, তুমি শালা নবীন মিশ্রের চেলা।

-শালা! তারপর মারের পর মার। লাঠি পিটিয়ে, লাথি গুঁজে, মাথা দেওয়ালে ঠুকিয়ে, মুখে-নাকে ঘুষি মেরে-রুগ্ণ-জীর্ণ শরীরটা কে ভেঙ্গে-মুচড়ে লুটিয়ে দিলেন মাটিতে। গল-গলিয়ে বেরিয়ে এল বাটী-বাটী রক্ত। গরীব-ছোটলোকের চাপ-চাপ রক্তে লাল হয়ে উঠল জেলের শুকনো মাটি। ভজহরি অজ্ঞান হয়ে পড়ে থাকল সেই রক্তে ভেজা মাটিতে।

পরের দিন সকালে নবীন বাবু এলেন থানাতে। ভজহরি কে ডেকে বললেন-এ সব কি হচ্ছে ভজহরি?

-আমি পায়েলের কিছু করি নি।

- আমি জানি তুমি কিছু কর নি।

-তাহলে আমি গারদে কেন? মেজবাবু এভাবে মারল কেন? ভজহরির চোখ-মুখ ফুলে কালো কালো কালশিটে। জামা-কাপড় রক্তে ভেজা।

- আমি মেজবাবুকে ধমকিয়ে দিয়েছি। আর কেউ তোমার গায়ে হাত তুলবে না। শোন ভজহরি, এটা একটা নাটক, আর তাতে তুমি নায়ক!

- আমি নায়ক হতে চাই না একটা অপরাধের বোঝা নিয়ে।

- ঠিক আছে, না হলে দোকানের জায়গা ও ছেলের চাকরী হবে না।

ভজহরি চুপ।

শোন ভজহরি, এটা কয়েক দিনের অভিনয়। সব কিছু একটু থিতিয়ে গেলে তোমকে ছেড়ে দেওয়া হবে। তখন বাজারে ঝক্-ঝকে তক্-তকে দোকান করে বসতে পারবে। তার জন্য অনেক টাকে দেব তোমাকে। আমি কথা দিচ্ছি ছেলের চাকরীটা ও হয়ে যাবে। তুমি শুধু ভাবো সেই দিনটার কথা-ভজহরি!

ভজহরির চোখ দু'টো উঠল জ্বল-জ্বল করে। যেখানে ভজহরি রাজা।

-আসলে রাতে ঘুম আসছিল না-তাই মাথাটা গরম...।

-ঠিক আছে, যাতে ঘুম আসে তার জন্য ঘুমের ওষুধ পাবে। তবে একটার বেশি খেওয়া না। বেশি খেলে মারা পড়বে! আর শোন, যাতে একটু চোলাই ও পাও-তারও ব্যবস্থা করে যাচ্ছি।

দুপুরে খেয়েদেয়ে একটা ঘুমের ওষুধ খেয়ে ঘুমাইলেন ভজহরি। রাতে এক গ্লাস ভর্তি চোলাই ও এল তার জন্য। নেশাটা তেমন চড়েনি। মাঝ রাতে ভেঙ্গে যায় ঘুম। ঘুমাতে চাইলেন, ঘুম এলো না। একটা ঘুমের ওষুধ খেলেন-তাতেও না। চোখ বন্ধ করলে পায়েলের নিষ্পাপ মুখটা দপদপিয়ে

বেড়াতে থাকে সারা মাথা জুড়ে। সীতা, তূলি-তাপস এক-একটা ভেসে উঠছে তাঁর চোখের পর্দায়। তারা জবাব চাইছে তাঁর কাছে। তারপর কৌটো থেকে কয়েকটা ট্যাবলেট মুখে ভরে নিলেন ভজহরি।

তখন সে বুঝতে পারে ঘুম আসছে। একটা গভীর ঘুম ছেয়ে নামছে তাঁর দু'চোখ জুড়ে। এবং দু'চোখের পর্দা বেয়ে নামতে থাকে সে দিনের সেই ছবিটা।

গোপীনাথের দোকানে গিয়েছিল চুল্লুর জন্য। গিললো ও কয়েক গ্লাস ভজহরি। নেশাটা জমেছে সবে, কিন্তু শালা বলাই শর্মা মাটি করে দিল তা।

-গোপী তোকে বলেছি না, ছোটলোকদের এখানে ঢুকতে না দিতে।

-পাটি থেকে লিখে নিয়ে আসুন।

-এই আমাকে পাটি দেখাবি না! জানিস তোকে এক ঘরে কর দিতে পারি?

গোপী চুপ, প্রতিদিন শুনে এ সব কথা। তার আর গায় লাগে না।

-এ-ই শা-লা ব-লাই, তুই কাকে ছোটলোক বলছিস রে? তুই শালা উঁচু জাতের হলে কি হবে-আরে তোর মন টা বড়ো ছোট্ট। আগে মনটা বড়ো কর। শালা ভেবেছিস কি, হাজার-হাজার বছর চুষে খাবি আমাদের?

-'তুই' করে কি কথা বলছিস রে? জানিস, ছুঁলে গঙ্গায় চান করে শুদ্ধি হতে হয।

-শোন, ঔ গঙ্গা টা কিন্তু তোর মায়ের নাঙ্গের সম্পত্তি নয়-আমাদেরও অধিকার আছে।

-আমার মা তুলে গাল, শালা ছোটলোকের বাচ্চা-

হাতা হাতি হওয়ার আগে বাকিরা বলাই শর্মাকে ধরে ফেলে। ভজচহরিকে বের করে দেয় দোকান থেকে।

পথে নেমে ও সারাক্ষণ ভজহরি গজ্-গজ্ করতে থাকে। শালা বলাই কিছুতেই ভজহরিকে সহ্য করতে পারে না। বারবার একই কথা-ছোটলোক। আরে শালা আমার গায়ে কি ছোট লোকের স্ট্যাম্প আছে? শালা বলাই ধারে সকাল-বিকেল আমার দোকানে চা খেতিস। শালা, তখন মনে হত না ছোটলোক। ধারের পর ধার। শালা, আমার কি ট্যাঁকশাল আছে যে মাসের মাস ধার দিয়ে যাব। যেই বললাম দাদা, ধার শোধ না করলে আর চা হবে না-তখন থেকে হয়েছে বাবুর গোসা। দেখলেই জ্বলে উঠে, করে অপমান। শালা!

নেমে ছিল পথে। রাস্তা ফাঁকা। রাতও বেশি ছিল না। কিন্তু অন্ধকার। মনে হয ওমবস্যা ছিল। যদিও হাতে লাইট একটা ছিল, কিন্তু তা রাস্তার না পড়ে ঘুরছিল চারদিকে। নেশাগ্রস্ত ভজহরি দুলতে-দুলতে দুম-দাম করে পা ফেলছিলেন এ-দিকে-ও-দিকে। কিছু টা রাগে আর কিছু টা নেশাতে। মাইতি দের বটতলাতে ভজহরি মাঠের রাস্তা নেয়। গ্রামের রাস্তা রাতে এড়িয়ে চলে অনেক দিন। লোকের মুখো-মুখি হতে চায় না সে। আবার অনেকে ভজা মাতাল বলে খেপায় ও তাঁকে। হঠাৎ তাঁর হাতের এলোপাথাড়ি আলোটা পড়ল দত্তদের বাঁশ বাগানে-সেখানে আড়াল করে রাখা একটা মটর-বাইক। জ্বল-জ্বল করে উঠল ভজহরির চোখ দুটো।

-পক্ষী রাজ!

-কোন দেবতার দূত বাবা। আমার জন্য বুঝি!

টেনে-হিঁচড়ে বের করলেন বাঁশ বাগান থেকে।

-ও মা, এ তো দেখছি পার্টির পক্ষিরাজ।

চড়ে উঠে বসল তাতে। চাবি লাগানো বাইক টা গড়িয়ে পড়ল ভজহরিকে নিয়ে জল-কাদা ভরা মাঠে। কোন ভাবে হাত-পা ছোঁড়ে, জাম-কাপড় ছিঁড়ে, কাদা-মাটি মেখে বেরিয়ে এলেন ভজহরি তা থেকে। উঠলেন রাস্তায়। মাঠের রাস্তাটা অনেকদিন না সংস্কারের জন্য ছোট হযে গেছে। কোথা-ও-কোথায়-ব্যেই-না ঘাসে ভরে গেছে রাস্তা। কোন ভাবে একটা পা পড়ার মতো বেঁচে রাস্তা। ডিপ্-টিউ-বেলের কাছে রাস্তার অনেকটা ঘিরে সেই তাল গাছ। ভজহরি ধাক্কা খেল আবার ঐ তাল গাছটা তে। মেজাজটা গেল আরো বিগড়ে।

- তুই শালা আবার কে রে? আমার পথ আগলে? তুই শাল নিশ্চয়ই বলাই বামুনের লোক। তা বাবা তুমি যাঁরি লোক হও কিনা- ভজহরি থেকে পার পাবে না।

ছেঁড়া কাপড়টা কাছা মেরে, পায়ের চটি দুটো খুলে পেটাতে থাকলো তাল গাছটাকে নোংরা খিস্তি দিতে দিতে। হঠাৎ কে ছুটে বেরিয়ে পাশ দিয়ে ভজহরিকে মাঠে ছিটকে ফেলে দিয়ে। ভজহরির

আর কিছুই মনে আসছে না।

এখন যেন সে সেই মাটিতে পড়ে। শ্বাস নিতে কষ্ট হচ্ছে তাঁর। কে যেন গলাটা একটু একটু করে চিপে ধরছে। হাতটা তুলে ছাড়াতে চাইছে সে, হাত তা উঠছে না। শরীরটা নাড়া তে ও চাইলো, কিছুতেই নড়ছে না। শুধু এটাই ভাবতে থাকে, কে হতে পারে! কে গো তুমি! বলাই? ও- না,- বলাই দা! দাও না গো ছেড়ে। কথা দিচ্ছি আর কোন দিন ঝগড়া করব না তোমার সাথে। এই কান ধরে বলছি। হাত টা ও কিছুতেই যাচ্ছে না কানে। তাঁর গলা শুকিয়ে যাচ্ছে, বেরিয়ে আসছে

একটা গর্-গর্ আওয়াজ। কে যেন চেপে ধরেছে তার টুটি। তারপর সে একটা গভীর অন্ধকারের মাঝে ডুবে যেতে-যেতে অনুভব করে শুধু বলাই দা একা নয়, তাঁর শরীরে চেপে বসে আছেন আরও হাজার হাজার বলাইদা আর নবীনবাবু-রা। সবাই এক সুরে বলছে - মার শালা কে। শালা ছোটলোক। দেশের বোঝা, সমাজের বোঝা, আমাদের গলার কাঁটা।

শুধু একটা কথা বলতে চাইছিল নবীনবাবু কে - তা হ'ল তাঁর ছেলে চাকরী টা। কিন্তু ভয়ে বলতে পারলেন না তিনি সে কথা টা। পারল না চোখ দুটো একবার খুলতে ও।

शब्दों का पंछी
-সঞ্জীব ব্যানার্জী

बातें तो होती हैं तुम से।
ज़रूरी नहीं कि दस्तक की आवाज़
तुम तक पहुँचे।
यादों की तरन्नुम में
तितलियों का तानाबाना
महसूस ना होने दिया
उम्र ए दराज़ में
धूप का सिलसिला
आम की बाग़ीचे से गुज़री जो पगडंडी,
मुड़ के देखा होता तुम ने
तो ठहर जातीं राहें...
ठीक तो तब भी था,
ठीक अब भी है सफर,
मानो तो है दर्मियान,
ना मानो तो है कोई कविता।

পথচলার শেষে
-সঞ্জীব ব্যানার্জী

ছায়া খোঁজে ক্লান্ত মন,
মা, একটু কি পানি দেবে?
হ্যাঁ গো—এই নাও বাটি,
পাশেই তো নদীর নরম স্রোত,
ফিরে এসো, দু'টো রুটি ভাগ করে নেবো...

হিজাবের নীরব চাহনি
সহজেই ম্লান করেছে
বিসমিল্লার সানাইয়ের উজ্জ্বল সুর।
তাই তো কাশীর উদাসী পাখি
খুঁজে ফেরে এক অচেনা ঘর—
সে ঘর কি
তোমার–আমারই কোনো স্বপ্নের ঠিকানা?

এখনো সময় আছে,
যদি ফিরে যেতে পারি
নাটমন্দিরের আলো-ছায়ায়,
বনফুল আর কাজীর হাত ধরে
পুরোনো দিনের গন্ধে ডুবে...

শিশুরা এখন
সুখের খোঁজে অসুখী অনেক,
হাওয়ায় উড়ে যায় তাদের ছোট্ট হাসি।

দেখো, মনে যদি পড়ে
ভুলে যাওয়া মুক্তির গান—

তবু একবার গেয়ে ওঠো,
হয়তো পথ চিনে নেবে মন।

ভারতীয় মেডিকেল এনট্রান্স এগজাম (NEET) ক্রাক করিবার সরল পদ্ধতি

–অমিত কুমার ঘোষ (Arup Ghosh's brother)

বঙ্কিমবাবুর ভূত আজিও যাহাদিগের মধ্যে কিঞ্চিত বিদ্যমান রহিয়াছে, তাহারা কিছু লিখিতে বসিলেই ঐ 'জনমেজয় কহিলেন' টাইপ-এর ভাবধারাই প্রবাহিত হইতে থাকে। আমিও তাহাদের একজন। কিন্তু সময় তো গড়াইয়াছে, সাধু ভাষার ব্যবহারও আর নাহি, অনেক শব্দের সাধুরূপও হয়তো ভুলিয়া গিয়াছি। যাহা হউক, আন্তর্জাতিক সংস্থায় দীর্ঘ সময় কর্ম করিবার নিমিত্ত একটি জিনিস উত্তম শিখিয়াছি - নমনীয়তা (ফ্লেক্সিবিলিটি)। প্রয়োজন অনুযায়ী এই প্রবন্ধে সাধু ও চলিত এর মধ্যে সাবলীলতার সহিত বিচরণ করিব, এমনকি প্রতিশব্দ খুঁজিয়া না পাইলে ইংরেজিও নির্দ্বিধায় ইউস করিব। যাহারা অনমনীয়, তাঁহারা নিজগুণে মার্জনা করিবেন।

অদ্য হইতে প্রায় ত্রিশ বত্সর পূর্বে যখন আমি এনট্রান্স এগজাম দিতেছিলাম তখন মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং দুটিতেই চান্স পাইয়াছিলাম। আমার নিজের আর আমার পিতৃদেবেরও খুব ইচ্ছা ছিল আমি মেডিকেল পড়ি। যা rank আছিল তাহাতে কলিকাতা মেডিকেল কলেজ হইয়া যাইত। কিন্তু, কিছু বিশেষ কারণে শেষ মুহূর্তে মেডিকেল ছাড়িয়া কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ ঢুকিয়াছিলাম। সে গল্প না হয় অন্য আর একদিন করা যাইবেক। যাহাহউক কম্পিউটার পেশা-পেশীর মধ্য দিয়ে জীবন কাটিতে লাগিলেও, মাথার পিছনে ডাক্তারি পড়িবার ভূতটিও মাঝে মাঝে উকি মারিত। কিন্তু একটি শর্ত ছিল, যেখানে সেখানে নহে, যে স্থলে ছাড়িয়া আসিয়াছিলাম ঐস্থল হইতেই শুরু করিতে হইবে। সেইদিন এখন-ও আমার চক্ষুর সম্মুখে জ্বলজ্বল করিতেছে - পিতার হাত ধরিয়া কোলকাতা মেডিকেল কলেজ-এ ফর্ম তুলিতে গিয়াছিলাম। কলেজ এর মূল ভবনের সেই অলিন্দ, উল্টো দিকে কফি হাউজ, কলেজস্ট্রীট সবসময় যেন আমাকে টানিতে থাকে। তাহা ছাড়া যে সমস্ত সিনেমা বায়োস্কোপ দেখিয়া আমরা বড় হইয়াছি, উত্তম-সুচিত্রা-সপ্তপদী মেডিকেল কলেজের অলিন্দ সবই তো বাঙালির চিরকালীন নস্টালজিয়া, সে এক অঅন্য অনুভূতি।

যাহাহউক আমি অপেক্ষা করিতেছিলাম উপযুক্ত সময়ের। এই বত্সর ২০২৬-এ আমার জ্যেষ্ঠটি হাইস্কুল পাস দিয়া কালেজে ঢুকিলো, আর কনিষ্ঠটি সপ্তম হইতে অষ্টম-এ উঠিল, উহার কলেজ যাইতে আরো ৫ বত্সর। MBBS-ও ৫ বত্সর এর কোর্স। ভাবিয়া দেখিলাম ২০২৬-ই সঠিক সময়। স্ত্রীদেবী যদি একটু সঙ্গ দেন তো, তিনি ৫ বত্সর কনিষ্ঠটির সহিত আমেরিকাতে রহিল, আর আমি ঐ সময়ের মধ্যে ডিগ্রিটি করিয়া লইলাম। আরো কিছু যুক্তিও আছিল, যথা যে সমস্ত

মানুষজনদিগের জন্য আজ এই স্থলে আসিয়াছি, সেই সমস্ত শিক্ষকবৃন্দ-আত্মীয়-পড়শীরা এখন বৃদ্ধ, কেহ বা অসুস্থ, তো ইন্ডিয়ায় থাকিলে একটু তাহাদের পার্শ-এ থাকিতে পারিতাম, সেই লোভ-ও কিঞ্চিত ছিল। তাহাছাড়া মাতৃদেবী আমার এখানে থাকিলেও প্রায়শই দেখি শয়ন-এর মধ্যে বকবক করিতেছেন, ভাল করিয়া শুনিয়া দেখিয়াছি ওনার মন এখনও ইন্ডিয়া-তেই পড়িয়া রহিয়াছে, তাহার সেই সংসার, সেই বাচ্চা মানুষ করিবার সংগ্রাম, ইত্যাদি। ভাবিয়াছিলাম আমি ইন্ডিয়াতে পড়িতে যাইলে তিনিও আমার সঙ্গে যাইলেন, তো তাহাকে তাহার জায়গাও কিঞ্চিত ফিরাইয়া দেওয়া হইল।

পুরো প্ল্যান শুনিয়া মাতৃদেবী প্রথমে আমতো আমতো করিলেও, পরে বুঝিলাম মজা পাইয়াছেন। বুঝাইয়া সুজাইয়া স্ত্রীদেবীকেও রাজি করা যাইল। ২০২৫-এর জানুয়ারি মাসে প্রয়াগ-এ যাইয়া কুম্ভ পরিদর্শন করিয়া, NEET ২০২৬ এর preparation শুরু করিলাম। প্রসঙ্গত উল্লেখ্য যে, কুম্ভ-এর অভিজ্ঞতার পুঙ্খানুপুঙ্খ বর্ণনা গত বত্সর-এর পত্রিকায় করিয়াছি। শুধু কুম্ভ নহে জানুয়ারি ২০২৫-এ ইন্ডিয়া যাইবার মূল উদ্দেশ্য ছিল NEET-এর সব পুস্তকাদি সংগ্রহ করা। আগে বিভিন্ন রাজ্য-এ ভিন্ন ভিন্ন মেডিকেল এনট্রান্স এগজাম হইতো, আর AIIMS বা ঐজাতীয় কিছু ইন্সটিটিউট নিজেদের পৃথক এনট্রান্স এগজাম লইত। এখন সর্ব ভারতব্যাপী একটিই মেডিকেল এনট্রান্স এগজাম হয় NEET (National Eligibility cum Entrance Test)। ১৮০টি MCQ কোয়েশ্চানস (৪৫টি Botany, ৪৫টি Zoology, ৪৫টি Chemistry, ৪৫টি Physics), ১৮০ মিনিট সময়। গড়ে ১ মিনিট প্রতি কোয়েশ্চান।

যেহেতু আমি কলিকাতা মেডিকেল কলেজ-ই লক্ষ্য রাখিয়াছি, আর এটি এখনও পশ্চিমবঙ্গের মধ্যে প্রথমস্থানেই রহিয়াছে, পরীক্ষায় অবশ্যই খুবই ভাল rank করিতে হইবে। ত্রিশ বত্সর পূর্বে মেডিকেল জয়েন্ট-এ ভালই ফল করিয়াছিলাম। তাছাড়া মাধ্যমিক, HS-এ স্কুলে বা স্নাতকস্তরে ইউনিভার্সিটি-তে টপ করিলেও, পরীক্ষা দেওয়া একটি কলা (art), আর মাঝখানে সময়ও তো অনেক গড়াইয়াছে, সে কলার অভ্যাস-ও অনেকটাই চলিয়া গিয়াছে। সেইহেতু শুরু করিলাম কল্যাণদা-এর সাথে একটি মিটিং দিয়া। কল্যাণদা মাইক্রোসফট-এ আমার মেন্টর ছিলেন আর উনি ওনার সময় IIT এনট্রান্স এগজাম-এ একদম প্রথমদিকে স্থান করিয়াছিলেন। জিজ্ঞাসিলাম কি করিয়া উনি এত ভাল ফল করিয়াছিলেন, তিনি দারুন একটি আইডিয়া দিলেন। উনি বিগত ৫০ বত্সর-এর IIT এর কোয়েশ্চান সংগ্রহ করিয়া ঝটপট সেগুলি solve করিতে থাকেন, আর দেখিতে পান ওগুলির মধ্যে অন্তর্নিহিত প্যাটার্ন রহিয়াছে, যথা গণিত-এ হয়তো ৫০ রকম ডিফারেন্ট টাইপ-এরই কোয়েশ্চান হয়, সেগুলোই ভিন্ন ডাটা দিয়া ঘুরাইয়া ফিরাইয়া আইসে।

একবার ঐ প্যাটার্নগুলি হৃদয়মগম করিতে পারিলেই কেল্লা ফতে। তো আমি শুরু করিলাম NCERT Biology, Physics, Chemistry টেক্সট books, আর গত ৩৭ বত্সর-এর কোয়েশ্চান দিয়া। প্রসঙ্গত বলিব, কেহ HS বাংলা মিডিয়াম-এ পড়িলেও NEET কিন্তু English-এ দেওয়াই উত্তম, তাই NCERT বইগুলির English ভার্সন পড়াই কাঙ্খিত।

প্রথম দুই মাসে গটগট করিয়া টেক্সট বইগুলি পড়িয়া ফেলিলাম। Make sure করিলাম প্রত্যেকটি লাইন আর প্রতিটি concept বুঝিয়া লইতেছি (না পারিলে মাল্টিপল রীডিংস, ইউটিউব, AI এর সাহায্য লওয়া যাইতে পারে)। এই প্রসঙ্গে উল্লেখ্য যে, আমরা যেহেতু ভিসুয়াল জীব, তাই পড়িবার সময় যুগপত mental visualization করিতে থাকিলে বিষয়টি একদম হৃদয়ে গাঁথিয়া যায়। এই দুই মাস কোনো কিছুই মনে রাখিবার আলাদা জোড় করি নাই। তৃতীয় মাসে বিগত ৩৭ বত্সর-এর কোয়েশ্চানগুলি করিতে লাগিলাম। No time pressure, ধীরেধীরে কোয়েশ্চান পড়, পারিলে আনসার কর, না পারিলে বুঝিবার চেষ্টা কর কেন পারা যাইল নাহ - concept ক্লিয়ার নহে, নাকি ইনফরমেশন মনে নাহি, নাকি সিলেবাস এর বাহিরে, ইত্যাদি। কিন্তু মেক sure কর সঠিক আনসারটি ঠিকঠাক বুঝিতে পারিয়াছ। ব্যাস প্রথম ৩ মাস-এ core is ready । এইবার খেলা হইল মনেরাখা, স্পীড, আর প্র্যাক্টিসের।

NEET শুধুমাত্র নলেজ এর পরীক্ষা নহে, এটি একটি স্ট্র্যাটেজি গেইম। ১৮০টি কোয়েশ্চানস, ১৮০ মিনিট। প্রথম স্ট্র্যাটেজি হইল, বোঝা যে কোন কোয়েশ্চান করিব আর কোন কোয়েশ্চান ছাড়িবো। যেহেতু প্রতিটি কোয়েশ্চান পিছু ১ মিনিট বরাদ্দ, তাই কোয়েশ্চান এই ভাবেই সেট করা হয় যে ১ মিনিট এর মধ্যেই করা সম্ভব। কিন্তু তারই মাঝে পরীক্ষার্থীদিগকে কনফিউজড করিতে দু-একটি lengthy কোয়েশ্চান-ও গুজিয়া দেওয়া হয়, ঐগুলি বুঝিয়া স্কিপ করিতে হইবে। পরে সময় বাঁচিলে ফিরিয়া আসা যাইতে পারে। এই স্থলে মাথায় রাখিতে হইবে, NEET যেহেতু সম্ভাব্য ডাক্তার বাছিবার এগজাম, তাই এই পরীক্ষা simulate করিয়া থাকে ডাক্তারদের দৈনন্দিন পরিস্থিতি। ধরা যাউক, তুমি ইমার্জেন্সিতে ডিউটি দিতেছ আর একটি ক্রিটিক্যাল রোগী আসিয়া পড়িয়াছে, তুমি প্রচন্ড চাপের মুখে পড়িবে অথচ মাথা ঠান্ডা রাখিতে হইবে, আর নতুন কিছু এক্সপেরিমেন্ট করিবার টাইম-ও নাহি, তুমি যাহা জান, তাহার উপর নির্ভর করিয়া ঝটপট ডিসিশন লইতে হইবে। NEET-এ এগজ্যাক্টলি সেইটেই simulate করা হয়। যাহাহউক, সাধারনত Biology দিয়া শুরু করিতে হয়, ৯০টি কোয়েশ্চান ৪০-৫০ মিনিট এর মধ্যে সমাপ্ত করিবার গোল রাখিতে হয়। তারপর Chemistry, ৪৫টি কোয়েশ্চান ৪৫ মিনিট, সর্বশেষে Physics, ৪৫টি কোয়েশ্চান ৬০ থেকে ৭৫ মিনিট, সময় বাকি থাকিলে skipped কোয়েশ্চানগুলি দেখা যাইতে পারে। Biology প্রধানত তথ্য ভিত্তিক একটি

বিষয়, তাই হয় তুমি উত্তর জান, নতুবা জান নাহ, সুতরাং ঝটপট করিয়া বেড়িয়া যাইতে হইবে। Chemistry অনেকটা তথ্য, আবার কিঞ্চিত ক্যালকুলেশন ও থাকে। Physics প্রধানত অংক, তাই সময় সব চাহিতে বেশি লাগিয়া থাকে, আর এটিই প্রধান পার্থক্যকারী বিষয় খুব ভাল রেজাল্ট করিবার নিমিত্ত।

যাহাহউক চতুর্থ মাস পুনরায় ব্যাক টু বুকস, mainly Biology (cover to cover including all tables and pictures with labels), সঙ্গে একটি highlighter। যেহেতু অলরেড়ি সব previous কোয়েশ্চান দেখা হইয়া গিয়াছে, এইবার পড়িবার সাথে সাথেই বোঝা যাইবে কোন কোন লাইন হইতে কোয়েশ্চান আসিয়া থাকে, ঐগুলি হাইলাইট করিতে থাকিতে হইবে। মনে রাখিবার জন্য mnemonic (acrostic, acronym, rhymes, trinome) বানাইতে হইবে, নোট করিতে হইবে যেগুলি মনে রহিতেছে না, আর সেইগুলি রোজ revision দিতে হইবে।

পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম মাস প্রতি সপ্তাহে দুটি করিয়া মক্ এগজাম, আর প্রত্যহ revision (টেক্সট, নোটস)। এগজামগুলি ২ঘণ্টা ৩০মিনিট-এর করিতে হইবে। এগজাম-এর প্রতিটি ভুল অ্যানালিসিস করিতে হইবে। কোনো ইনফরমেশন মনে না থাকিলে নোট-এ লিখিতে হইবে, প্রয়োজন হইলে mnemonic বানাইতে হইবে। Physics, Chemistry-এর ক্যালকুলেশন ভিত্তিক অংকগুলি অবশই ফার্স্ট principle হইতে করা যায়, কিন্তু সময় লাগিবে অনেক বেশি, তাই ঐগুলি প্র্যাক্টিস করিয়া করিয়া এমন করিতে হইবে যে মোটামুটি solution-এর লাস্ট লাইন-এর এক্সপ্রেশনটি নোট করিতে হইবে ও মনে রাখিতে হইবে। এগজাম-এ জাস্ট এক্সপ্রেশনটি recall করিয়া ডাটা বসাইয়া উত্তর বাহির করিতে হইবে। বেশ কিছু ডাটা, আর known result-ও মনে রাখিতে হইবে। শিখিতে হইবে অপশন-এলিমিনেশন, minimizing ক্যালকুলেশন, আর quick approximation। উদাহরণ স্বরূপ, ধরা যাউক একটি 3D ভেক্টরের অংকে দেখা যাইল সব answer choice-এ x-component vary করিতেছে, তাহা হইলে y আর z-component তো ক্যালকুলেশন করিবারই কোনো প্রয়োজন নাহি, শুধু x -component-ই যথেষ্ট। অষ্টম মাসের শেষে নেট outcome হইবে এমন একটি নোট যেটি ১ দিনে পড়িয়া ফেলা যায় আর যাহাতে দরকারী ফর্মুলা, information, mnemonic, enumeration of possible error modes লিপিবদ্ধ রহিয়াছে। ওটি প্রত্যহ রিভিসন করিতে হইবে। সঙ্গে white correction tape রাখিতে হইবে মুছিবার জন্য। বেটার mnemonic পাইলে পুরানোটি মুছিবে। কোনো ডাটা একেবারে হৃদয়ঙ্গম হইয়া যাইলে সেটিও নোট হইতে মুছিয়া দেওয়া যাইতে পারে।

শেষ চারি মাস প্রত্যহ mock এগজাম, ঠিক যে সময়ে actual NEET এগজাম হইবে (বিকাল

২ঘটিকা হইতে ৫ঘটিকা), সঙ্গে অ্যানালিসিস আর রিভিসন। ভাল রেজাল্ট হইবেই হইবে। NCERT বইগুলির পাতা বেশ প্রশস্ত আর অনেক white স্পেস বর্তমান, ঐ স্থানগুলি summary, short-নোট্স, আর mnemonics এর জন্য ব্যাবহার করা যাইতে পারে। By the way, just to remain current, আমি অনলাইন-এ একটি কোচিংক্লাস-ও জয়েন করিয়াছিলাম। উহাদের লেক্চারগুলি অফলাইন-এ 2xস্পীড-এ শুনিতাম, আর PST (Partial Syllabus Test) ও FST (Full Syllabus Test) গুলি করিতাম। লেক্চারগুলিতে বাজার চলতি mnemonics ও মনে রাখিবার অনেক টেকনিকও জানিতে পারা যায়। এই প্রসঙ্গে বলিব, যাহারা NEET পড়াইয়া থাকেন, তাহারাও যদি প্রতি বত্সর এগজামটিতে বসিতেন (বিশেষত যখন বয়স কোনো বাধা নহে) তাহা হইলে উহারা আরও উত্তম ভাবে গাইড করিতে পারিবেন।

যাহাহউক, আমি এগজাম এর ১ মাস পূর্বে ইন্ডিয়া চলিয়া গিয়াছিলাম, শশুরবাড়িতে উঠিলাম, এবং সকল লজ্জার মাথা খাইয়া উহাদের বলিলাম, আমাকে একটি ঘর দিতে যেখানে কেহ একদমই ডিসটার্ব করিবে নাহ, উহারা উহাদের পুরা দ্বিতীয়তল আমার জন্য বরাদ্দ করিয়া দিলেন। সকাল ৯টা, আর সন্ধ্যা ৬টায় এই দুইবার শুধুমাত্র খাইতে নামিতাম। শাশুড়িমাতা ও শ্যালকজা-এর ঐকান্তিক সেবায় শরীর একদম ঠিক আছিল। পরীক্ষাও আশানুরূপই হইল। পরীক্ষাশেষে আমেরিকা ফিরিয়া আসিলাম। এয়ারপোর্ট-এ নামিয়াই শুনিলাম পেপার লীক হইয়াছে আর এগজাম ক্যান্সেল হইয়া গিয়াছে, আবার re-এগজাম হইবে। এদিকে আসিয়া দেখিলাম ঠিক যে ভাবে ভাবিয়াছিলাম, যে কনিষ্ঠটিকে তার অগ্রজ ঠিকথাক পড়াশোনায় লাগিয়া রাখিতে পারিবে, দেখিলাম তাহাতে কিঞ্চিত বিচ্যুতি ঘটিতেছে। সেও ঘ্যান ঘ্যান করিতে লাগিল, দাদাকে সময় দিয়াছ, আমাকে কেন দেবে না, ইত্যাদি। গভীর ভাবিয়া দেখিলাম, আমাকে উহার প্রয়োজন রহিয়াছে, তত্ক্ষণাৎ প্ল্যান একটু চেঞ্জ করিলাম, ঠিক করিলাম কনিষ্ঠটি কলেজ বেড়িয়া যাইলে আবার ৫ বত্সর পর লাগিব। আশা করি ততদিন এনার্জি ও enthu ধরিয়া রাখিতে পারিব। Re-exam-এ আর বসিলাম নাহ। তবে এক বত্সর যাবত এই preparation-এ খুবই মজা পাইয়াছি, অনেক জিনিস নতুন করিয়া আর ভাল করিয়া হৃদয় দিয়া জানিলাম। বাচ্চারাও দেখিল আমরা ইন্ডিয়াতে এগজাম এর জন্য ঠিক কিভাবে পড়িতাম। পরবর্তী কোনো সময় কি কি নতুন করিয়া জানিলাম তাহা লিখিবখন।

এইক্ষণে একটি practical কথা কহিব যেটি মাথায় রাখিতে হইবে। NEET পরীক্ষাকেন্দ্রে টাইট পোশাক বা পা-মোড়া পাদুকা পরিয়া যাওয়া যাইবে নাহ। কারণ গেট-এ পালোয়ান মজুত থাকে, সন্দেহ হইলে উহারা আপনাকে ঝাকাইয়া দেখিতে পারে কোনো টুকলিপত্র আপনার শরীরের

কোথাও লুক্কাইত আছে কিনা। আমি নিজে ঝঞ্ঝাট-এ পড়িয়াছিলাম। পা- মোড়া জুতা পরিয়া গিয়াছিলাম। উহারা বলিল চটি (পা-খোলা) ছাড়া ঢুকা যাইবে না। আমি আবার জীন্স পরিয়াছি। আরো সাবধান হইয়া, আবার সকল লজ্জার মাথা খাইয়া পরীক্ষাকেন্দ্র-এর নিকটস্থ আমার স্কুলফ্রেন্ড দেবাশীষ-কে কল করিয়া কহিলাম, ইমার্জেন্সি কেস, ব্যাখ্যা পরে করিব তবে যদি সে ঝটপট তাহার একপাটি চটিজুতা আর হালকা পাজামা ও গেঞ্জি টাইপ-এর কিছু লইয়া আসিতে পারে। ব্যাকআপ হিসাবে, এক মামাতো দাদাকেও একই জিনিসপত্র আনিতে কহিলাম। উহাদের একটু দেরি দেখিয়া অটো ধরিয়া কাছাকাছি এক পাদুকালয় -এ যাইয়া নিজেও চটি কিনিয়া আনিলাম আর এগজাম সেন্টার ঢুকিয়া যাইলাম। এদিকে উহারা দুইজন-ও আমি ঢুকিবার কিয়তক্ষণ-পর আসিয়া হাজির, আর যতক্ষণ আমি এগজাম দিতেছিলাম উহারা ঠায় বাহিরে দাড়াইয়াছিল।

পরিশেষে দুটি কথা বলিব, প্রথমত ফাইনাল পরীক্ষার পূর্বে কখনোই পুরো বই রিভিউ করিবার টাইম পাওয়া যাইবে না, তাই গোড়া হইতেই এমন একটি নোট বানাইবার চেষ্টা করিতে হইবে যাহা ১ দিন বা কয়েক ঘণ্টায় রিভিউ করিয়া লওয়া যায় and you are ready। একইভাবে, এই জীবনেও আমরা ক্রমাগত তৈরি হইতেছি এক ফাইনাল এগজাম এর জন্য, আর তার জন্য ক্রমাগত crystallize করিতে করিতে পুরা জীবনের উপলব্ধির একটি সার বানানো খুবই জরুরী। দ্বিতীয়ত, শিরোনামে 'সরল' শব্দটি দেখিয়া কেহ যেন ভাবিয়া না বসেন বিষয়টি খুবই সহজ। এটি সরল - simple, but not easy, especially given the scale of competition, it needs huge discipline, dedication, tenacity, and perseverance. এক বত্সর যাবত সমস্ত রকম নিমন্ত্রন, পার্টি, সোসাল-মিডিয়া ইত্যাদি হইতে নিজেকে দূর রাখিয়াছিলাম, এমনকি আমি পুরা ডাইনিং-টেবিল জুড়িয়া বই বিছাইয়া পড়িতাম আর সময় বাচাইতে দ্বিতলে শনয়কক্ষে না উঠিয়া উহারই নিম্নে sleeping-bag মধ্যে শয়ন করিতাম। যাহাহউক, All the best to all the NEET aspirants, and the future doctors. সকলই শুভ হইবেক!

BAGB 2025-26 Event: Holiday Party


























CURRY UP NOW
INDIAN STREET FOOD
INDIAN RESTAURANT AND CATERING
10% OFF
ON YOUR ORDER
CUT & BRING THIS COUPON
PICTURE IN PHONE
NOT ACCEPTED
VALID UNTIL
MARCH 31, 2027
VALID AT BIRMINGHAM LOCATION ONLY
ONE COUPON PER ORDER
CANNOT BE COMBINED WITH OTHER OFFERS
WE DO
CATERING
FOR LARGE EVENTS
INDIAN RESTAURANT
Your favorite Indian street food items, made fresh.
CATERING FROM OUR MENU
Choose from our full catering menu on our website for your next event.
CUSTOM CATERING AVAILABLE
We can also prepare any requested items that are off the menu.
PERFECT FOR
Corporate Events
Weddings
Parties
Community Events
School Functions & More
425 20th St S, Unit 104
Birmingham, AL 35233
+1 (205) 202-5511
curryupnow.com
HOURS
Sunday 11:30 AM – 8:00 PM
Mon – Thu 10:30 AM – 8:30 PM
Friday 10:30 AM – 9:00 PM
Saturday 11:00 AM – 9:00 PM


Taj India

My Journey with Autism Awareness and Advocacy

-Mamta Mishra

Autism, or autism spectrum disorder (ASD), is a lifelong developmental condition that can affect communication, social interaction, behavior, and sensory processing. Every autistic person experiences the world in a unique way, with individual strengths, challenges, and ways of connecting with others. Although awareness and acceptance continue to grow, many children and adults still face delayed diagnosis, limited access to services, or pressure to mask their differences because of stigma or fear of exclusion.

While the exact causes of autism are not fully understood, research points to a combination of genetic and environmental factors, and there is no credible evidence linking autism to vaccines. Because each person's needs are different, support should always be personalized. **Early diagnosis, compassionate intervention, and an understanding community can greatly improve quality of life for autistic individuals and their families.**

How My Journey into Autism Advocacy Began

My journey into autism advocacy began when my son, Parag, was diagnosed with autism at two years and seven months old. At the time, I had never even heard the word autism. As I began reading and researching, I often felt overwhelmed, discouraged, and lost in a sea of information. Yet I soon learned something that gave me direction and hope: although there is no cure for autism, early intervention can make a meaningful difference in communication, independence, and quality of life for autistic individuals and their caregivers.

With that hope in mind, I became determined to help Parag in every way I could. I gathered as much evidence-based knowledge as possible and pursued a master's degree in special

education at Jacksonville State University. During this time, I also began homeschooling him. Parag was nonverbal until age four, and when he began repeating words, showing echolalia- that is repeating the words without understanding the meaning. For the past 25 years, I have continued his homeschool program, helping him turn echolalia into functional verbal communication while also developing meaningful vocational skills.

Today, Parag creates Ayurvedic cosmetics through his business, Parag Cosmetics. He is happy, productive, and proud of his work, and seeing him thrive has deepened our dream of expanding this venture. **We hope to create opportunities for more individuals with special needs to experience purpose, dignity, financial independence, and the joy of meaningful contribution.**

A steady market for these effective, affordable Ayurvedic products would help us welcome more individuals with special needs into this growing effort. I warmly invite small businesses throughout our community to support this mission.

My First Book: *Autism: Our Journey and Finding Happiness*

Autism: Our Journey and Finding Happiness this simple, hands-on, practical book brings together 20 years of learning, teaching, and experience with Parag. I believe the coping strategies and behavioral interventions that have helped him can also support other children with autism when these practical approaches and learning styles are introduced early and applied consistently and persistently.

Sharing our story has helped others find hope, support, and understanding, and I am grateful that the book continues to bring comfort and connection to families and professionals around the world. *Autism: Our Journey and Finding Happiness* is available through major booksellers and platforms, including Amazon and Audible. It has also been translated into Spanish, allowing its message to reach even more families. **I am deeply**

honored that former First Lady Mrs. Laura Bush added the book to her library and wrote me a letter encouraging me to continue spreading hope for a cause that remains an enigma to so many.

My Second Book: *Energy Management Mantras*

My second book, *Energy Management Mantras*, grew from another lesson this journey has taught me: caring for our energy is essential. We caregivers are multitasking mothers and fathers; we often work hard to manage every minute of the day. **This book offers mantras that help us focus on managing our energy, so we are no longer simply racing against time. By caring for our energy, we can become the best caregivers possible while also creating space for greater satisfaction, balance, and happiness in our own lives**. May these mantras become steady touchstones for transformation, just as they have been for me, and gentle reminders that caregivers deserve care, too.

Connecting with Our Community

Our story continues online through the Facebook page *Autism Our Journey and Finding Happiness*, where I share the trials, triumphs, and everyday moments of life with my son, Parag, who has autism.

What began to document our family's journey has grown into a thriving global community of more than 151,000 people. By sharing our experiences and warmly inviting others to share their own, we are helping change the conversation about autism—one story and one post at a time.

About the Autism Foundation of Gadsden, Alabama

Our Mission and Upcoming Conference

This spirit of connection also guides my work as founder and president of the Autism Foundation of Gadsden, Alabama. As the proud mother of a son with autism, I am honored to

lead an organization devoted to supporting individuals and families impacted by autism spectrum disorder. Our foundation was born from hope, advocacy, and a heartfelt desire to create meaningful change for those navigating the challenges, strengths, and joys of life on the spectrum.

It is with great excitement that I invite you to join us for the Autism Foundation of Gadsden's 6th Annual Autism Conference, *Together We Can Make a Difference*, on April 17, 2027, at The Venue in Gadsden, Alabama.

Event Highlights

• **When:** April 17, 2027
• **Where:** The Venue, Gadsden, Alabama, with nationwide access available via Zoom
• **Who:** Families, educators, service providers, self-advocates, healthcare professionals, and community members
• **What:** Inspiring keynote speakers, expert panels, interactive workshops, networking opportunities, and resource sharing
• **Continuing Education:** CME credits for physicians and CEUs for education professionals, Board-Certified Behavior Analysts (BCBAs), nurses, nurse practitioners, and pharmacists

We would be delighted to welcome you as we learn, connect, and work together to make a difference. Please stay tuned for registration information and a detailed agenda at **https://www.asdofgadsden.org/.**

Happy Durga Puja to all of you!

Mamta Mishra, Founder and President, Autism Foundation of Gadsden, Alabama

Organizer, *Together We Can Make a Difference* Autism Conference

Author of *Autism: Our Journey and Finding Happiness*

Author of *Energy Management Mantras for Caregivers*

Autism Advocate

info@asdofgadsden.org


BMA
BURNS MITCHELL
AGENCY
Personalized
protection you
can count on.
AUTO
HOME
LIFE
MOTORCYCLE
BOAT
UMBRELLA
Amanda Mitchell
Agency Owner
amandamitchell@allstate.com
205-853-1300

মা তো একই

-শ্রেয়সী ঘোষ, BAGB Special Events Secretary

দশ বছর–
সময়ের ক্যালেন্ডারে হয়তো কয়েকটি ঋতুর নাম,
কিন্তু প্রবাসের জানালায় দাঁড়ালে
দশ বছর মানে এক দীর্ঘ নস্টালজিয়া।

শরতের আকাশে সাদা মেঘ ভাসে,
দূর দেশে কাশফুল না থাকলেও
মনের ভেতর হঠাৎ কোথা থেকে
ঢাকের শব্দ বেজে ওঠে।
আর মনে হয় - এই তো, পুজো এসে গেছে!

মনে পড়ে কলকাতা।
মা-বাবার হাত ধরে, রাতের শহর পেরিয়ে
এক প্যান্ডেল থেকে আর এক প্যান্ডেলে যাওয়া।
ভিড়ের মধ্যে মায়ের আঁচলটা শক্ত করে ধরা,
বাবার কণ্ঠে- "চল, আর একটা ঠাকুর দেখে যাই।"

তারপর বড় হয়ে গেলাম আমরা।
হাত ছেড়ে গেল হাত, শহর ছেড়ে গেল শহর,
বন্ধুরা ছড়িয়ে গেল পৃথিবীর নানা প্রান্তে।
তবু পুজো এলেই সেই পুরনো আড্ডার দরজা খুলে যায়
হাসি, গল্প, অভিমান, অকারণ রাত জাগা,
আর সেই চিরন্তন প্রশ্ন - "আজ কোথায় যাবি?"

কলকাতার পুজো
শুধু চারটে দিনের উৎসব নয়,
সে এক আবেগ- শৈশবের গন্ধ, কৈশোরের উচ্ছ্বাস,
প্রিয় মানুষের পাশে হাঁটার স্মৃতি,
আর শহরটাকে নতুন করে ভালোবাসার অজুহাত।

এখানে, প্রবাসে, পুজো আসে অন্য সাজে।
অন্য আকাশের নিচে, অন্য ভাষার ভিড়ে,
অচেনা শহরের বুকের মধ্যে
আমরাই গড়ে নিই এক টুকরো কলকাতা।

হয়তো নেই সেই পরিচিত গলি,
নেই রাতভর আলোর মিছিল,
নেই প্যান্ডেলের সামনে চেনা মুখের হঠাৎ দেখা হয়ে যাওয়া।

তবু ধূপের ধোঁয়া উঠলে, শঙ্খ বাজলে,
ঢাকের প্রথম বোল কানে এলে, মনের ভিতর কে যেন বলে

“আমি তো এসেছি।”

তখন বুঝি,
দেশ বদলায়, শহর বদলায়, উৎসবের রং বদলায়,
কিন্তু মায়ের আসার পথে কোনও সীমানা নেই।

প্রবাসে দশ বছর পর
আজ আর শুধু কলকাতাকে খুঁজি না।
খুঁজি সেই অনুভূতিটাকে, যে অনুভূতি একদিন
মা-বাবার হাত ধরে প্রথম ঠাকুর দেখার সময় আমার ছোট্ট হৃদয়ে জন্মেছিল।

আজও তাই
শরতের আকাশের দিকে তাকালে
মনে হয় - দূরত্ব যতই হোক, আমরা যত দূরেই থাকি,

পুজো অন্য হতে পারে,
শহর অন্য হতে পারে,
কিন্তু মা তো একই।

Promise Beneath the First Star

-Monami Saha

The evening had dressed the city in amber. On the rooftop, beneath a sky fading from gold to violet, Malhar and Jhinuk stood beside the old parapet, their fingers quietly intertwined. A mild breeze carried the scent of distant flowers, and for a few unhurried minutes, the world seemed to belong only to them.

“Do you know what I like most about evenings?” Malhar asked. Jhinuk smiled. “The colours?” “No,” he said softly. “The way you become quiet when the first star appears. As if you are listening to something the rest of us cannot hear.” She lowered her eyes, but her hand tightened around his. “And do you know what I like most about you?” “Everything, I hope,” Malhar replied, pretending to be proud. Jhinuk laughed, a small, warm sound. “Your hope. Even on difficult days, you speak as if tomorrow has already promised to arrive.” Malhar looked at her with a tenderness that needed no grand declaration. “Then promise me something. Whenever the days feel heavy, come here. Look at the sky and remember this evening.” “Only if you promise to be here too,” she whispered. Before he could answer, Jhinuk’s phone rang. Torsha’s name glowed on the screen. Jhinuk realised she already missed 11 calls from Torsha. “I should take this,” Jhinuk said. Torsha’s voice was strained and hurried, asking her to come downstairs immediately. Jhinuk frowned, reluctantly letting go of Malhar’s hand. “Stay here,” she told him. “I’ll be back in a minute.” He gave her the gentlest smile. “I’ll wait.”

Jhinuk hurried down the stairs. Torsha was waiting near the doorway, pale and trembling. For several seconds, she could not speak. Then, with tears gathering in her eyes, she held Jhinuk’s shoulders and said the words that made the world lose its sound. “Jhinuk, Malhar is no more. There was an accident this afternoon.”

Jhinuk stared at her. The sentence made no sense. She had just been holding his hand. She had heard his laughter. She could still feel the warmth of his fingers resting inside her palm. Without a word, she turned and ran back upstairs.

The rooftop was empty. The old parapet stood beneath the deepening sky. The breeze moved exactly as before, but now it carried no laughter. On the western edge, the last ribbon of twilight slipped away, leaving only the first star—the one Malhar had asked her to remember. Jhinuk walked to the place where they had stood and opened her hand. It was empty, yet the memory of his touch remained. She wanted to call his name, to ask how a farewell could hide inside such a sweet evening, but no voice came. So she stayed there in silence, beneath the first star, holding the promise he could no longer keep—and understanding, at last, that some people leave the world but never leave the place where they were loved.



Mark Perkins, CRPC, AAMS
Founding Partner, Private Wealth Advisor



Garrett·Perkins·Horton
ADVISORY PARTNERS

5120 Selkirk Drive, Suite 200,
Birmingham, Alabama 35242
205-313-9153

যে ঠিকানা স্বপ্নে ফিরে আসে বারে বারে

-অন্বেষা রায়

স্কুল পাস করেছি প্রায় কুড়ি বছর হতে চলল। তবু আজও মাঝেমধ্যে স্বপ্নে দেখি ১, অভেদানন্দ রোড (বিডন স্ট্রিট), মানিকতলার সেই বিশালাকার বাড়িখানা! যার চারদিকে সব মিলিয়ে ছিল কম করে সাতখানা সিঁড়ি।

মাঝে মাঝেই দেখি, অডিটোরিয়াম হলের কাঠের প্যাঁচানো সিঁড়ি বেয়ে, ভেঙে যাওয়া নকশাওয়ালা লোহার রডের ফাঁক দিয়ে খেলতে খেলতে গলে গিয়ে টুক করে দোতলায় উঠে এক ছুট্টে ঢুকে যাচ্ছি রঙিন কাঁচে মোড়া ছোট্ট চ্যাপেল ঘরে। যেখানে মা মেরি তাঁর ছোট্ট শিশু, যিশুকে কোলে নিয়ে দাঁড়িয়ে! বড্ড মায়া ভরা মুখখানি! ওই ঘরটায় ঢুকলেই সব চঞ্চলতা যেন কোথায় মিলিয়ে যেত। চুপ করে দেখতাম, পেছনের দেওয়ালের আরও উপরে ক্রুশবিদ্ধ যিশুকে। শরীরে অজস্র ক্ষতচিহ্ন, অপরিসীম যন্ত্রণার মধ্যেও সকলকে ক্ষমা করে দেওয়ার সেই শান্ত অভিব্যক্তি মুখে। চ্যাপেল থেকে বেরিয়েই দরজার বাইরে দেওয়ালে একটা ছোট্ট সোনালি পাত্রে থাকত Holy water (পবিত্র জল)। সেই জল এক বিন্দু পাওয়ার জন্য আমাদের বন্ধুদের সে কী উত্তেজনা!



চ্যাপেলের পাশের কাঠের চওড়া সিঁড়ির সামনেই কাঁচের দেওয়ালের ভেতর থাকতেন ছোট্ট মিষ্টি শিশু যিশু। প্রতিবছর বড়দিনে যাঁকে অডিটোরিয়ামে নিয়ে গিয়ে সুন্দর করে সাজিয়ে রাখা হতো। ছোট্ট ক্লাস থেকেই আমাদের একটা পিরিয়ড ছিল Moral Science (নীতি শিক্ষা)। সিস্টার লিলিয়ান, সিস্টার ফিলোমিনা, সিস্টার লাভিনা, সিস্টার ডিভা, সিস্টার মনিকা, কতজন যে পড়িয়েছেন! বাইবেল পড়তাম। ছোট ছোট গল্পগুলো পড়তে আর শুনতে বেশ লাগত। তবে গল্পের শেষে সিস্টারদের নীতিমূলক উপদেশগুলো শুনতে ও হজম করতে সে কী বিরক্তিই যে লাগত!

ভাবতাম, "উফ্! কখন এনাদের জ্ঞান দেওয়া শেষ হবে!" আজ যত বয়স বাড়ছে, সেই ক্লাসের গল্পগুলোর শেষে বলা প্রতিটা নীতিশিক্ষাই যে দৈনন্দিন জীবনে কী ভীষণ কাজে লাগে, সেটা বুঝতে পারছি। এখন বুঝি, কেন নয়-দশ বছর বয়সেই সেই কথাগুলো শোনার প্রয়োজন ছিল। মনে আছে, তখন আমাদের বয়স বোধহয়, বছর সাত-আট। আমাদের একটা ক্লাস হতো, যেখানে নাইট স্কুলের বাচ্চারা এসে আমাদের কাছে পড়াশোনা করত, হাতের লেখা, কিংবা সহজ

যোগ-বিয়োগ-গুণ-ভাগ।

পড়াতে ভালোই লাগত। কিন্তু মনে মনে ভাবতাম, “আমাদের শিক্ষিকা, সিস্টাররা থাকতে আমরা কেন পড়াব?” তখন তো বুঝিনি! পরে বুঝেছি তার তাৎপর্য। কত ভালো, মেধাবী ছাত্রছাত্রী শুধুমাত্র পয়সার অভাবে আমাদের মতো স্কুলে পড়তে পারে না।

অথচ সেই জায়গায় আমরা কতটা ভাগ্যবান ছিলাম! নিজেদের ভাগ্যটাকে উপলব্ধি করা, অন্যের প্রতি সহানুভূতিশীল হওয়া, আর মনের পরিধিটাকে একটু একটু করে বড় করে তোলার জন্য এরকম একটা ব্যবস্থা। সত্যিই কী অপূর্ব ছিল, তাই না?



যখন আর একটু বড় হলাম, পাঁচতলার ক্লাস থেকে জানলা দিয়ে হয়তো রাস্তা দিয়ে ছেলেপুলেরা হেঁটে যাচ্ছে, চোখে পড়েছে, আমরা বন্ধুরা নিজেদের মধ্যে একটু হাসাহাসি করেছি। ব্যস! কোনও সিস্টারের এসে কী বকা! পারলে যেন সাসপেন্ডই করে দেন আমাদের! এমন বকুনি! কী রাগই না হতো! ভাবতাম, “এমন কী করেছি যে এত বকা খেতে হবে? জানলার বাইরে আকাশটুকুও দেখার অনুমতি নেই!” আজ বুঝি সেই প্রতিটা বকা, প্রতিটা শাসন, প্রতিটা নিষেধের মানে। যখন সঠিক সময় আসবে, আকাশ তোমার সামনে নিজেই চলে আসবে। তখন তোমাকেই বুঝতে হবে কীভাবে নিজেকে ভাসিয়ে নিয়ে যেতে হয় সেই মুক্ত আকাশে। কতটা পেরেছি জানি না। তবে এটুকু জানি, এই বাড়িখানা, আমার ভিতটা তৈরি করে দিয়েছে। তাই বোধহয় আজও, এত বছর পরেও, মাঝেমধ্যে স্বপ্নে দেখি এই বিশাল বাড়িটার চারদিক ঘিরে থাকা সিঁড়িগুলো। দেখি রঙিন কাঁচে মোড়া ছোট্ট ঘরটা। দেখি মা মেরির সেই মমতাময়ী মুখখানি। দেখি ছোট্ট শিশু যিশুর সেই শান্ত, সরল চোখ দুখানি। কিছু ঠিকানা শুধু ঠিকানা হয় না। কিছু সিঁড়ি শুধু ওঠা-নামার পথ হয়ে থেকে যায়না। সেগুলো আমাদের ভেতরের একটা সময়কে চিরকাল বাঁচিয়ে রেখে দেয়। বড্ড চেনা একটা ঠিকানা। বড্ড আপন একটা সময়।

আমার **Holy Child Institute.**

ছড়া: জন্মদিন

-সৌরভ সিনহা

বয়স বয়স বয়স করে হল্লা কিসের ভাই
সময় একটু কমলো কি না
তাতেই এত ভাই রে না না
অভিজ্ঞতায় উঠলি বেড়ে তার কোনো দাম নাই?
জন্ম দিনে সবাই ঘিরে
দিন টি বলিস আসুক ফিরে
কাল দুটি চোখ খুলবে কিনা কেউ কি জানিস ভাই?



দুটি কবিতা

-প্রদীপ সরকার

(1)

॥শব্দ সব একত্রিত ঢেউ॥

চলো সোমদত্তা, চলো,
ভোরের স্বপ্ন পলকে পলকে বদলে যাচ্ছে
সাদা রজনীগন্ধা, তাপহীন রোদ, আর নদীর
বুকে ঢেউ...
আকুলি বিকুলি করছে ভোর-দগ্ধ দার্শনিক
বুদ্‌বুদ মিলিয়ে দিচ্ছি
নিস্তব্ধ আঙুলে ছুঁয়ে নিচ্ছি ঘূর্ণিঝড়

তবুও সোমদত্তা, তবুও
চিবুক পর্যন্ত পৌঁছে যাচ্ছে ফুটন্ত খাজুরাহো
পাহাড় ফেটে বেরিয়ে আসছে কমলকলি
আর ঝর্না
ঝাঁপিয়ে পড়ছি, ডুবন্ত আমি...
কত আলোর রোশনাই...

ছুটে যাওয়া রোদ দেখলে ব্যবধান কমতে
থাকে
দৌড়বে?

দ্রুত সাঁতরে সামলে নিচ্ছি নিস্তব্ধ মুখোশ
আর পরিস্কার আগুন...

ধারালো রাত বেয়ে এগিয়ে আসছে আমিষ
উত্তাপ

(2)

॥ঢেউ, না থ্রিলার॥

অস্বাভাবিক হয়ে উঠছে ঊষ্ণ লাল প্রেমিক
ধ্রুপদী দোলাচলে জেগে উঠছে সংশয়
ছন্দ বদলে যাচ্ছে

জলপ্রপাতে লগ্নি করে অতল থেকে উঠে
আসছে
সাতপাকে বাঁধা অলৌকিক হলুদ ধাতু আর
সঙ্গে
জোনাকির রঙ পাল্টে সাতরঙা এক তিতির
পাখি

তুমি একে কী বলবে! ঢেউ, না কি থ্রিলার!
না কি মায়াবী পৃষ্ঠায় তুমি!

তাই যদি,
সমস্ত অবসাদ মুছে, তোমাতে হারাবো
আমি।











Photographs captured by
Rudradip Pattanayak

পালামৌর জঙ্গল

-অরুণাভ রায়

দীর্ঘদিন বেকারত্বের জ্বালা ভোগ করে সদ্য চাকরিপ্রাপ্ত এবং পাহাড়ে জঙ্গলে বেড়ানোর নেশায় মত্ত কিছু তরুণ পুজোর পর রওনা হলো হাওড়া থেকে। শক্তিপুঞ্জ এক্সপ্রেসে চেপে আমাদের গন্তব্য পালামৌ। পরদিন বেলাশেষে পৌঁছলাম অধুনা ঝাড়খণ্ডের ডাল্টনগঞ্জে। সেখানে দ্বিপ্রাহরিক আহার সেরে বাসে চেপে উপস্থিত হলাম পালামৌর জঙ্গলের দোরগোড়ায়।

ছোটনাগপুর মালভূমির পশ্চিমে পালামৌর জঙ্গল। শাল, পলাশ, মহুয়ার বিস্তীর্ণ অরণ্য প্রায় ২১৫ বর্গকিলোমিটার জুড়ে। তারই মধ্যে গড়ে উঠেছে বেতলা টাইগার রিজার্ভ। আমাদের তখনকার জানা তথ্য অনুযায়ী, ১৯৩২ সালে বেতলাতেই নাকি বিশ্বের প্রথম ব্যাঘ্রসুমারি হয়েছিল। এসব তথ্য অবশ্য সংগ্রহ করেছিলাম বেতলার ফরেস্ট অফিস থেকেই।

সন্ধ্যা নেমে আসছে। দেখলাম খাপড়েলের ছাদ দেওয়া একটি পাকা দালান। সেখানেই থাকার ব্যবস্থা। শালের খুঁটিতে টিমটিমে আলো। চারপাশে ঘন অন্ধকার। গা ছমছমে ভাব। মানুষের গলার আওয়াজ পাওয়া যাচ্ছে। বাইরে কিছু লজ, হোটেলও আছে। ওখানে কারা থাকে কে জানে! আমরা ভেতরেই থাকব ঠিক করলাম।

উপস্থিত হলাম রেঞ্জার সাহেবের অফিসে। পনেরোটা মাথা গুনে তিনি বেশ বিরক্ত। আমি বললাম,

“স্যার, আমরা বারান্দায় ম্যাট্রেস পেতে শুয়ে পড়ব। কোনো চিন্তা নেই।” শেষমেশ আর্দালিকে ডেকে তিনি আমাদের টেন্টের ব্যবস্থা করে দিলেন। খাতায় সই সাবুদ সেরে আমরা দৌড়ে গেলাম টেন্টের দিকে। ম্যাট্রেস পেতে বেশ সুন্দর জায়গা হলো। আমরাও নিশ্চিন্ত।

মাঠের ওপারে পরিবার পরিজন নিয়ে কয়েকটি দল রয়েছে। দূর থেকে ভেসে আসছে রবীন্দ্রসংগীত। বটগাছের তলায় হ্যাজাক জ্বলছে। সেখানে মিশ্রজীর চায়ের ছোট্ট দোকান। শুনলাম চা জলখাবার থেকে রাতের আহার সবই জোটে। ডিমের অমলেট আর চা অর্ডার দেওয়া হলো। হঠাৎ এক ভদ্রলোক বললেন, “হরিণ দেখবে রাতে?” আমরা তো রাজি। ওঁর পিছু নিলাম। মাঠ পেরিয়ে বেশ কিছুটা যাওয়ার পর দেখি জাল দিয়ে ঘেরা জায়গা। নিরাপত্তার বেশ ভালোই ব্যবস্থা। অন্ধকারের মধ্যে জ্বলজ্বল করছে অসংখ্য চোখ। দূরে তাকিয়ে দেখি অনেকগুলো হরিণ দাঁড়িয়ে আছে। আমরা জালের বেড়ার কাছে গিয়ে হরিণগুলোর গায়ে হাত দেওয়ার চেষ্টা করছি। কেউ যে টাওয়ার থেকে আমাদের লক্ষ্য রাখছে, তা ঘুণাক্ষরেও বুঝিনি। হঠাৎ “পিঁপিঁ!” বাঁশির তীব্র আওয়াজ। গার্ডরা দৌড়ে এসে আমাদের পাকড়াও করল। সোজা

রেঞ্জার সাহেবের ঘরে। তিনি আমাদের দেখেই বুঝলেন, এই সেই দল! হিন্দিতে বেশ কিছু গালমন্দ করে বললেন, “রাত না হলে তোমাদের এখনই তাড়িয়ে দিতাম!” কাঁচুমাচু মুখে বেরিয়ে এলাম। বাইরে এসে দেখি অনেক লোক আমাদের ঘিরে ধরেছে। “দাদা, কী হলো?” কৌতূহলী বাঙালি দাদাদের নাম দেওয়া হলো “কী হলো দাদার দল”!

একটু বেশি রাতে আমরা খেতে গেলাম। পেট চুক্তি করে খাওয়া বলতে যা বোঝায়! প্রথম রাতেই আমাদের রুটি খাওয়ার বহর দেখে মিশ্রজী প্রায় আতঙ্কিত। এমনকি বলেই ফেললেন, “আর যেন না আসেন!” খাওয়া সেরে তাঁবুতে ফিরে এলাম।

রাত অনেক হয়েছে। আমাদের কয়েকজন ঘুমিয়েও পড়েছে। আমি আর তরুণ তাঁবুর বাইরে বসে গল্প করছি। আকাশে চাঁদ আর তারাগুলো যেন একেবারে নিচে নেমে এসেছে। এবার সিগারেটের নেশা চেপেছে। তাঁবুর সামনে না গিয়ে, ভেতরেই হাত ঢুকিয়ে দেশলাই আর সিগারেট হাতড়াচ্ছি। মাকু, আমাদের এক বন্ধু, গভীর ঘুমে কী স্বপ্ন দেখছিল কে জানে! হঠাৎ তার তীব্র চিৎকার “বাবা গো! মা গো! হাতি! হাতি! শুঁড় ঢুকিয়েছে!” আমি তাড়াতাড়ি বললাম, “এই মাকু! এই মাকু! ওটা আমি, আমি!” সবাই লাফ দিয়ে উঠে বসেছে। ইতিমধ্যে মাঠের ওপারের লোকজনও জেগে উঠেছে। একে একে আলো জ্বলে উঠল। কেলেঙ্কারি!

জ্যোৎস্নারাতে সিগারেট খাওয়ার সাধ মিটে গেল। তাড়াতাড়ি তাঁবুর ভেতর ঢুকে পড়লাম। তাতেও অবশ্য নিষ্কৃতি নেই। পরদিন যার সঙ্গেই দেখা হচ্ছে, সেই জিজ্ঞেস করছে, “দাদা, কী হলো কাল? জন্তু জানোয়ার কিছু এসেছিল?” আমরা মুখ গম্ভীর করে বিষয়টি এড়িয়ে যাই।

পরদিন আমাদের সকাল হলো প্রায় বারোটার সময়। তাঁবুর বাইরে সুবীর বসে দালানটার স্কেচ করছিল। ও খুব ভালো ছবি আঁকত। ওকে দেখে লালটু তাঁবু থেকে চেয়ার বার করে সামনে সেজেগুজে নায়কোচিত ভঙ্গিতে বসে পড়েছে। প্রদীপ হঠাৎ কোথা থেকে একখানা চকোলেট বোমা বার করে জ্বালিয়ে দিল একেবারে লালটুর চেয়ারের তলায়! দুম! লালটু চমকে উঠে চেয়ার থেকে উল্টে পড়ল! যাদের দৃষ্টি আকর্ষণ করার জন্য এতক্ষণ নায়কোচিত ভঙ্গিতে বসেছিল, তারা সবাই হেসে উঠল হাহা করে। পুরো প্রেস্টিজ পাংচার! লালটু উঠে প্রদীপকে এই মারে তো সেই মারে! প্রায় বছর পঞ্চাশ আগের ঘটনা। এখনো লিখতে গিয়ে হাসিতে ফেটে পড়ছি।

মিশ্রজীর দোকানে চা জলখাবার সারতে সারতে দেড়টা বেজে গেল। এবার আমাদের নতুন পরিকল্পনা। নদীতে স্নান করতে যাব। জঙ্গলের মধ্যে দিয়ে সোজা পথ। ছয় সাত কিলোমিটার হবে।

একদল লোক ফিরছিল। আমাদের দেখে বলল, “দাদা, এখন যাচ্ছেন? অনেকটা দূর কিন্তু!” বিশেষ পাত্তা দিলাম না। শেষ পর্যন্ত পৌঁছলাম পালামৌ নদীতে। পাহাড়ি নদীর মতোই তিরতির করে বয়ে চলেছে জল। কোথাও পাথুরে, যেখানে পা ডোবে না। আবার কোথাও খানিকটা গভীর। জায়গাটা আমাদের সকলেরই খুব পছন্দ হলো। শুনেছিলাম, তামিল ভাষায় “পাল-আম-ঔ” এর অর্থ দাঁত বের করা নদী। আমরা নদীর বুকে শুয়ে বসে মহানন্দে স্নান করতে লাগলাম। সময়ের দিকে কারও কোনো নজর নেই।

হঠাৎ খেয়াল হলো। “চল, চল! ফিরতে হবে!” ফেরার পথে চেড়োরাজা মেদিনী রায়ের ষোড়শ শতকের পুরোনো কাঁকুড়ে মাটি দিয়ে তৈরি দুর্গটি দেখে আবার ফেরার পথ ধরলাম। হঠাৎ শুনতে পেলাম হাতির ডাক। একটু ভয় ভয় লাগল। আগে পিছে সবাই একসঙ্গে চলছি। দূরে দেখি অনেকগুলো মোষের মতো প্রাণী দাঁড়িয়ে আমাদের দিকে তাকিয়ে আছে। আশিষ বলল, “ওগুলো সাদা মোজা পরা বাইসন রে!” সুবীর চটি খুলে দৌড় দেবে। আশিষ বলল, “লাভ নেই, দাঁড়িয়ে যা!”

প্রদীপ আর আমি চারপাশে তাকাচ্ছি। কোনো ডালপালাওয়ালা গাছ পাওয়া যায় কি না, দরকার হলে উঠে পড়ব! আসলে ব্যাপারটা অন্যরকম ছিল। ওদের বাচ্চা দল ছেড়ে রাস্তায় নেমে এসেছিল। ওরা রাস্তা পার হয়ে চলে গেল।

আমরা এবার জোরে পা চালাচ্ছি। ঝপ করে যেন অন্ধকার নেমে গেল। হঠাৎ দেখি দূর থেকে সার্চলাইট জ্বালিয়ে একটি জিপ আসছে। বুঝলাম, আমাদের খোঁজে এসেছে। নিঃশব্দে উঠে পড়লাম গাড়িতে। রেঞ্জার সাহেব বললেন, “কাল সকালেই চলে যাবে তোমরা।” মিশ্রজীর দোকানের সামনে আমাদের নিয়ে তখন কৌতূহলী মানুষের বিশাল ভিড়। “দাদা, আপনাদের কী সাহস!” “দাদা, কিছু দেখালেন আপনারা!” আমাদের অবশ্য আর সেরকম রেস্ত নেই যে জিপ নিয়ে আবার জঙ্গলে ঘুরে বেড়াব। অগত্যা বেতলাকে বিদায় জানিয়ে, ডাল্টনগঞ্জের বাসে চেপে বসলাম। পরে অবশ্য অর্ধাঙ্গিনীদের নিয়েও এসেছিলাম বেতলায়। বেতলার সেই সফরের আরও অনেক স্মৃতি জমে আছে। সে গল্প অন্য পরিসরে বলা যাবে।

The Day the Sky Fell

-Tia Banerjee, Age 11y, Grade 6th,
Oak Mountain Middle School


I was riding the bus the morning the aliens had struck. It was a perfectly normal day, and nobody knew that they were soon going to be watching a war between the humans and the aliens unfold. We were only 16 minutes away from the school, when suddenly the air tasted like metal. The sky was filled with dark, grey flying objects that were hovering in place. Soon after, there was a loud, deafening blast of light. For a few seconds, I couldn't hear or see anything. Suddenly, all my senses came back to life. I felt a sharp pain in the back of my head, but when I reached for my belongings that were now broken and scattered across the floor like everyone else's, something stopped me. All my limbs went stiff and I couldn't move an inch. The only thing I could do was see, hear, and smell. I didn't like what I saw at all. 2 big, green, scary aliens walked into our bus. They were wearing black boots and shiny clothing, so shiny and reflective that my eyes started burning. They had big plasma blasters in one hand and a remote in the other. One of the aliens clicked a button and all the kids on the bus started floating. Outside I could see that everyone else was floating too. Now that we could move again, I was swinging my arms in the air and kicking my legs. I saw others do the same. In one quick second, I started falling. I landed hard on the concrete and passed out. The last thing I saw before I woke up was people falling from the sky, one at a time. I woke up in a hospital bed. There were people I recognized from my bus there too. I looked out the window and saw that my city had been destroyed. There were cars upside down and broken trees were in places they shouldn't have been in, like a broken window of an apartment building. There was a big hole in the ground where the beam of light had hit. There were flames scorching across the city, and the hospital was one of the few remaining buildings. I looked at my leg only to find out that it wasn't there. My arm was twisted the wrong way, and I couldn't move my neck without it hurting. My left ear throbbed with pain as I

tried to turn on my side. Suddenly, I heard a crash below me. The building started collapsing and I started falling too. I closed my eyes when I hit the hard, concrete floor. I woke up in my bed, and I was still in my pajamas. It turns out that it was all a dream! When I told my mom, she laughed so hard that I started to laugh too. When I think back to that dream, I think of how absurd the idea of aliens finding Earth is.

গোছানো

-ঋতুপর্ণা তেওয়ারী

কিছুদিন বাদে সব এলোমেলো হয়,
আমি গোছাতে শুরু করি।
এলোমেলো বই গুছিয়ে টেবিল সাজাই,
আলমারিতে কাপড় গোছাই,
ল্যাপটপের ফোল্ডার গুছাই,
এলোমেলো কথা গুছাই।
ঘরের মানুষ গুছাই,
মনের মানুষ গুছাই।
তবুও, পৃষ্ঠা-পাল্টেছি সময়ের
বহুবার নতুন করে শুরু করছি
দিন শেষে স্মৃতি গুলোই থেকে যায়,
মানুষ গুলোই হারিয়ে যায়!
প্রয়োজন, তোমায় জানালাম বিদায়
গোছানো গেল না আর,
ওই আকাশে উড়তে গিয়ে, মেঘের সাথে বন্ধুতাই।
হয়তো বা সে ভাসাবে মিশে
পড়বে ঝরে অন্যমায়....


TM
NAWABI
Hyderabad house
Biryani Place


A RETIREMENT PAYCHECK THAT DOES NOT CLOCK OUT.
MAKE YOUR SAVINGS PAY YOU FOR LIFE.
A fixed index annuity with a lifetime income feature can help turn a portion of your savings into dependable retirement income.
INCOME FOR LIFE
MARKET DOWNTURN
No direct stock market losses
LEGACY
Remaining value to beneficiaries
BOTH SPOUSES
Joint lifetime income options
FLEXIBILITY
Access to account value*
MyRetirement store
RETIRE WITH
CONFIDENCE.
Complimentary Retirement Income Review
205-517-7577
TURNING 65? MEDICARE MADE SIMPLE.
Medicare Advantage | Medicare Supplements | Part D | Simple, local guidance.
MyRetirementStore.com
1841 Montgomery Highway, Suite 103 | Hoover, AL 35244
Fixed index annuities are insurance products. Guarantees are backed by the claims-paying ability of the issuing insurer.
Withdrawals may reduce account value and future income. This advertisement is for general informational purposes and is not a recommendation of any specific product.

Something Shared

-Eesha Banerjee

Whenever I meet someone new, I'm almost always asked what growing up in Alabama was like. I've gone through my answer so many times now that it feels like a recitation; I tell them about the greens, the humidity, the river lilies in the summer. I tell them about the village I grew up in, the web of families that have managed to take care of each other despite the many challenges that come with starting a new life from scratch. And I tell them that Birmingham is a city for people who know what's worth working for.

My first Durga Puja was in 2009. I was 5, but I can still picture the room in Alta Vista where it was held, and the dining room on the side that we would sneak into to watch YouTube videos. I remember being given a task, grinding chandan into paste, and taking it way too seriously. Every year since I have had that same task, and there is something comforting about the rhythm, watching the ring of chandan get thicker and thicker until my wrist hurts.

For many years after that one, Durga Puja was held in Deer Valley Elementary. What I remember most clearly about Deer Valley Durga Pujas is the Friday evening when everyone would prepare. I would watch Anu auntie make the big, perfect garland for Maa Durga, and I would help string together yellow mums for the smaller ones. The sheet of empty foil on the stage would slowly fill up with flowers, sweets, and fruits from different houses. Water someone had collected from the beach, grass from someone's lawn, jewelry from someone's finger. Little pieces of everybody.

The part I don't always say when people ask me what growing up in Alabama was like is that I didn't always feel like there was a place for me, in school or in summer camp or other spaces. But at least once a year, there was a spot on that sheet of foil for chandan.

On the day of the puja, we would sneak around the back of Deer Valley to the playground. We would go on the swings and show each other songs until

pushpanjali, and then skip to the front of the line for khichuri and French fries. In the evenings, we would go into the hallway in between dances to throw tennis balls and run around. For a day and a night, that cafeteria was ours and we were free.

Since living in Boston and Ann Arbor and meeting people from a wide variety of places, I've learned that this kind of togetherness is quite rare and fragile. In times when hardship and uncertainty seem to surround us more and more, I feel pretty lucky to have experienced the strength that can come from community from such a young age. To me, this is what the Birmingham Durga Puja most signifies: what can happen when people make the choice to put their talents, time, and care towards something shared. I hope that it can continue to be the space it was for me for everyone who comes, and that we can all continue to make strength for each other when it matters the most.



!!মায়ের শাড়ি!!

-ঋতুপর্ণা তেওয়ারী

আলমারির এক কোণে একটা চেনা কিন্তু পুরোনো প্যাকেট। প্যাকেটটা হাতে তুলতেই দুটো ন্যাপথলিনের টুকরো মেঝেতে পড়ে গেল। আর প্যাকেটটা খুলতেই বেরিয়ে এলো সেই যত্ন করে রাখা মায়ের লাল পাড় সাদা শাড়িটা।

মা দিয়েছিলেন। এত দূরে বিদেশে দুর্গাপুজোর সময় অষ্টমীর দিন অঞ্জলি দেওয়ার সময় পরার জন্য।

মা জানতেন যে আমার মনটা খুব খারাপ থাকবে এই সময়। কারণ দুর্গাপুজো মানেই আমার কাছে পুজোর সঙ্গে সঙ্গে সেই ঘরে ফেরা। চাকরির সূত্রে বাইরে থাকতে থাকতে খালি দিন গুনতাম – পুজো এলেই ঘরে ফিরব। আর মায়ের কাছে পুজো মানেই ছিল আমার জন্য অপেক্ষা করে থাকা।

মায়ের সাথে ওই চারটা দিন চিটিয়ে থাকা। আমাকে মায়ের শাড়ি পরিয়ে দেওয়া, মা-মেয়েতে মিলে পুজোর সব বাজার করা, মাকে বায়না করা – এই রঙের জামা, ওই রকমের ডিজাইন – সব চাওয়া।

আর মায়ের সেই হাসতে হাসতে বলা,
“এবার এগুলোই থাক সোনা, পরের বার পুজোয় বাকি গুলো।”

আর আমারও ছোট্ট খুকির মতো খুশি হয়ে বলা,
“আচ্ছা, বেশ মা।”

তারপর একসাথে বসে মিষ্টি বানানো... আর কত কিছু.....

ঠিক তখনই হঠাৎ করে আমার মেয়ে এসে হাত ধরে টান দিয়ে বলল,
“মা, তুমি বাচ্চাদের মতো কাঁদছ কেন?”

চোখ মুছে, সেই ব্যথার মাঝেও একটু হেসে ফেললাম আর তখনই মায়ের কথা মনে পড়ে গেল।

মা বলতেন,
“লুকিয়ে থাকে ছোটবেলা, সব মায়েরই অন্তরে।”

আর তখনই আমি মেয়েকে জড়িয়ে ধরে বললাম,
“কিছু না মা। চলো, ঠাম্মাকে ফোন করে বলে দাও তো, এবার পুজোয় কতগুলো নতুন জামা হয়েছে...”

দশভুজা মায়ের কাছে এক সাধারণ মেয়ের চিঠি

-Susmita Saha (RJ Anamika)

মা,

আজ তোমাকে চিঠি লিখতে বসে মনে হল, তোমাকে বলবো বলে আমার কত কথা জমে আছে!

বছরের এই ক'টা দিন তুমি যখন বাপের বাড়ি আসো, চারপাশটা কেমন যেন বদলে যায়। আকাশে সাদা মেঘের ভেলা, নদীর ধরে কাশফুল, ঘাসের ওপর ঝরে পড়া শিউলির গন্ধ, আর ঢাকের শব্দে মনটা কেমন যেন ভালো হয়ে যায়। শহরের সেই চেনা ব্যস্ত রাস্তাগুলোও উৎসবের আলোয় ঝলমল করে ওঠে।

তুমি আসো মহিষাসুরমর্দিনী রূপে । তোমার দশ হাতে দশটি অস্ত্র।
আর আমরা?
আমরা তো মাত্র দু'হাতেই গোটা পৃথিবী সামলানোর চেষ্টা করি।

সকাল শুরু হয় ঘড়ির অ্যালার্মে। তারপর সংসার, কাজ, সন্তান, বাবা-মা, শ্বশুর-শাশুড়ি, সম্পর্ক, দায়িত্ব - কত নামহীন কাজ যে আমাদের জন্য অপেক্ষা করে থাকে! নিজের জন্য এক কাপ চা বানিয়ে শান্তিতে বসে যে একটু খাবো, সেই সময়টুকুও অনেক দিন বিলাসিতা মনে হয়।

তবুও আমরা হাসি।
কারণ আমাদের শিখিয়ে দেওয়া হয়েছে- নারী মানেই শক্তি।
কিন্তু মা, একটা কথা বলো তো?
শক্তিশালী হওয়া আর সবসময় শক্ত থাকা কি এক?
আমরাও তো ক্লান্ত হই। আমাদেরও মন খারাপ হয়। চোখ ভিজে যায়।
কখনও খুব ইচ্ছে করে সব দায়িত্ব একপাশে রেখে একটু চুপ করে বসে থাকতে।
কিন্তু সেই কথাগুলো কি আমরা সেভাবে কাউকে বলতে পারি?
বরং বলি-
"আমি ঠিক আছি।"
এই "ঠিক আছি" কথাটার আড়ালে যে কত না বলা গল্প লুকিয়ে থাকে, সে তো তুমি জানো, মা!
কোনও মেয়ে হয়তো নিজের স্বপ্নটাকে একটু একটু করে দূরে সরিয়ে রেখেছে সংসারের জন্য।
কোনও মা হয়তো, নিজের ইচ্ছেগুলোকে সন্তানের ভবিষ্যতের সঙ্গে বদলে নিচ্ছে।

কেউ হয়তো চাকরি আর সংসারের ভারসাম্য রাখতে গিয়ে নিজেকে হারিয়ে ফেলছে প্রতিদিন একটু একটু করে । কেউ আবার সারাদিন সবার কথা শুনছে, কিন্তু নিজের কথা বলার মতো একজন মানুষও খুঁজে পাচ্ছে না।

তবু পুজো এলে আমরা নতুন শাড়ি পরি। গয়না পড়ি। চুলে ফুল গুঁজে নিই। সিঁথিতে সিঁদুর পরি। আয়নায় নিজেকে দেখে মনে মনে বলি-
“এই তো, বেশ লাগছে ।”
হয়তো এটাই তোমার আশীর্বাদ।
জানো মা, ছোটবেলায় তোমাকে দেখতাম শুধু দেবী হিসেবে।
এখন বড় হয়ে বুঝি, তুমি আমাদের প্রতিটি নারীর মধ্যেই আছো।

সেই মা, যে নিজের কথা না ভেবে সন্তানের কথা ভাবে ।
সেই মেয়েটি, যে নিজের পায়ে দাঁড়ানোর জন্য প্রতিদিন লড়াই করে।
সেই স্ত্রী, যে সম্পর্কটাকে বাঁচিয়ে রাখার জন্য বারবার নিজের অহংকে বিসর্জন দেয়।
সেই দিদিমা আর ঠাকুমা, যাদের গল্প শুনতে শুনতে আমাদের শৈশব কাটে ।
সেই একলা নারী, যে কোনও অভিযোগ ছাড়াই নিজের জীবনটাকে নতুন করে সাজিয়ে নেয় ।
তাদের প্রত্যেকের মধ্যেই তুমি আছো।

মা, এবার যখন তুমি আসবে, তোমার কাছে খুব বড় কোনও প্রার্থনা করব না।
শুধু বলবো,
আমাদের একটু নিজের মতো করে বাঁচতে দিও।
যে স্বপ্নগুলোকে আমরা বহুদিন ধরে “একদিন করব” বলে সরিয়ে রেখে দিয়েছি, তাদের আবার একবার ছুঁয়ে দেখতে দিও।
নিজের ভুলগুলোকে ক্ষমা করার সাহস দিও।
প্রয়োজনে “না” বলার শক্তি দিও।
আর হ্যাঁ - নিজের মূল্যটা যেন নিজেই ভুলে না যাই।

বিজয়ার দিন তুমি যখন চলে যাবে, নদীর জলে তোমার প্রতিমার প্রতিবিম্ব ধীরে ধীরে মিলিয়ে যাবে। ঢাকের শব্দ কমে আসবে। প্যান্ডেলের আলো নিভে যাবে। নতুন জামাগুলো আলমারিতে উঠে যাবে।

কিন্তু তুমি কি সত্যিই চলে যাবে, মা?
না।
তুমি থেকে যাবে আমাদের প্রত্যেকের ভিতরে। কারণ তুমি শুধু পুজোর পাঁচ দিনের অতিথি নও।
তুমি আমাদের ভিতরের সেই শক্তি, যে প্রতিবার ভেঙে পড়ার পরও বলে-
“উঠে দাঁড়াও।
আবার নতুন করে শুরু করো।
তোমার গল্প এখনও শেষ হয়নি।”

শুভ বিজয়া, মা। আবার এসো।
শুধু শরতের আকাশে নয়-
আমাদের সাহসে, আমাদের স্বপ্নে, আমাদের জীবনে।

ইতি -
তোমার এক সাধারণ মেয়ে

Maa Durga and Amaira

-Amaira Banerjee, Age 8y, Grade 3rd,
Vestavia Hills Elementary Liberty Park

Imagine a Goddess, Ma Durga, came to your school? a student in third grade named Amira Banerjee said, “How did you get here?” Ma Durga said “your principal invited me to stay here for a day so I can teach you how to stay safe and have fun at the same time. I will be monitoring you throughout the day. I also set up a treasure hunt to make your day bright and if you have a hard time, I will be there to help you. I will be there at recess show you how to shoot your bow and arrows”.

Amaira asked, “can I interview you?” “Of course, you can ask me all you have a lot of stuff to share said Maa Durga. “Ok then, let’s get started.”

“Tell me some facts about you “, Ma Durga,” so I have ten arms each arm holds something distinct called a Trishul, Sudarshan chakra, Shankh, Dhanush, Kharga, Axe, Gada, Vajra Those are the things that I hold. My husband however holds a Trishul with a snake around his neck. The ten weapons symbolize spiritual truths and divine power. My favorite thing to wear is a bright red saree with golden borders and ornaments.”

“My favorite sport is shooting bow and arrows. I love shooting bow and arrows”. Amaira asks, “Can you show me how to?” Ma Durga paused and said, “Not yet maybe at recess.” “My favorite hobby is to cook for other people. My favorite dishes are rice dishes. “

Finally, the interview was over, and it was time for recess. Amaira got outside and Ma Durga showed how to do it and in no time, Amaira was an expert. She even gave a special gift that had Ma Durga on the front and back and her parents inside. Amaira spent the entire recess just doing bows and arrows.

It was time to leave Amaira asked one more question “how did you get here?”, “a giant elephant and I am going back on a horse,” said Ma Durga.” We got to school and then drums and trumpets started playing for her and she said three magical words to Amaira and took off with a blast.

Cup for Cappuccino, Inspired by Cappuccino

-Mahitha Yannamsetty



This is the very first cup I made when I began my pottery journey, a little piece that holds much more than coffee. Inspired by my love for cappuccino, I wanted this cup to feel warm, earthy, comforting, and wonderfully imperfect.

Its uneven edges, tiny marks, and little imperfections are part of its story. I often feel that life is much the same, never perfectly shaped, yet somehow perfectly beautiful. This cup reminds me of that every morning when I hold it in my hands and take my first sip of coffee.

It reminds me that life doesn't have to be flawless. Sometimes, the imperfections are what make it perfectly perfect; we just have to embrace them and make the most of them.





একটি কাব্য সঙ্কলনের জন্য কবিতা

-অভিজিৎ মুখোপাধ্যায়

 # ডায়রি #

সে ডায়রি লিখত, নিজস্ব ডায়রি, কিন্তু
সেখানে তার নিজস্ব কথা থাকত না,
থাকতো বিপ্লবের কিছু কথা

সে ডায়রি লিখত, চাকরির ইন্টারভিউয়ে,
এ সময়েরকোনটা সবচেয়ে উল্লেখযোগ্য,
জানতে চেয়েছিলেনপরীক্ষক----"
ভিয়েতনাম", জবাব দিয়েছিল প্রেসিডেন্সি

সে কবি ছিল, সমাজটাকে গুলিতে ঝাঁঝরা
করতে চেয়েছিল, রুগ্ন পচা-গলা সমাজ,
আষ্টে পৃষ্ঠে
দুর্নীতিতে আচ্ছাদন তারপাশের ছাদে থেকে
গোলাপ ছুঁড়ে দিয়েছিল
অষ্টাদশী তরুণী
তাকে একটা কবিতা শোনান হয়নি
দেশ আসল, প্রেম কিংবা প্রেমের ছলনা
আজ রাতে বাড়ি ছেড়ে পালাতে হবে
অন্ধকারের টানে
তোমাকে একলা ফেলে অষ্টাদশী উচ্ছল
তরুণী

সে ডায়রি লিখত, শেষ বাক্যটা ওই
ডায়রির:"
ওরা এগিয়ে আসছে হিংস্র শ্বাপদের মতন"
এক হাজার পঁয়ত্রিশ নম্বর লাশ
নাম-না-জানা পচে গেছে দেহ খাঁচা
তার ডায়রিটা নর্দমায় গড়াগড়ি খায়।

 # উই আর ইন দ্যা সেম ভোট ব্রাদার #

একটা সুন্দর লাল, এ-কোন সুন্দরীর নাক দিয়ে
রক্ত ঝরছে, মৃত ও কঠিন, সুন্দর তরুণ তরুণীদের
বেছে বেছে এ-কোন পাশবিক আক্রোশ
শিশুমৃত্যু এতো স্বাভাবিক এবং বিরামহীন

এ-পর্যন্ত লিখে ডটপেন থেকে কালি বেরিয়ে
কাগজ ধ্যাবড়া করে দেয়, ঝটপট বেরিয়ে
একটা নতুন কলম কিনে আনি
আফগানিস্তানের যুদ্ধে লিখেছিলাম
ইউক্রেনের যুদ্ধেও---
আজ ইরানের যুদ্ধে প্রেমে-পড়া মুখের ইরানী তরুণীর
মৃত মুখের স্মরণে লিখতে হবে একটা নয়,
হাজার বেকার কবিতা
তলোয়ারের চেয়ে কলম বেশি শক্তিশালী
একথা নেহাৎ আপ্তবাক্য

আমি কি চুম্বনে তোমার নাকের রক্ত
মুছিয়ে দিতে পারি, হে ইরাণী তরুণী
আমি কি তোমার লাশ বহন করে কবিতার মর্গে
পাঠাতে পারি, হে ইরাণী তরুন
উই আর ইন দ্যা সেম ভোট ব্রাদার

সীতা

এ শুধু আমাদের দেশের নয়
সারা বিশ্বে চিরন্তন প্রেমকথা
নায়িকা অমল কমল রূপে তুমি সীতা
আনুগত্য শুধু শেষ কথা নয় ----

তুমি মানবিক, মানবিক নিস্ফলতা নীরব নিয়ে
ভালবেসেছ আবেগে, রাগে, কেবল হাত-পা ছোঁড়া
কিসের অভাববোধ নিজেদের বিপন্নতা আনিয়ে
বরং বলেছে: আমরা ভীত, আমার হাত - পা
জোড়া

সীতা তোমার কষ্ট পোয়াতি মেয়ের পেটের মতো
তোমার শান্ত সাহস কোনো দুর্বলতার লক্ষণ নয়
প্রচন্ড আশাবাদ আর সহ্য করা গর্ভযন্ত্রণার মতো
তুমি বিশ্বাস করো স্বামী ভালবাসে তোমায় অগ্নিময়

শতাব্দীপ্রাচীন নারীদের এই হার- না- মানা সাহসে
ভ্যাপসা শহরে আজও তোমরা অফিস করে যাও
সীতার ধ্যানে নির্লিপ্ত থাকো নির্ভুল পাপোষে বসে
আজো দক্ষিণ হাওয়ায় সাহসী তোমরা জেগে
ঘুমিয়ে গাও

দুই নদী, নিরবধি

আমাকে ওরা কালিঘাটে মা-কালী দর্শন করতে দেয়নি
বলছিল তীব্র দু:খে মুসলিম মহিলা
আমি কতবার থানায় খবর পাঠিয়েছি
আমার মন চাইছে,অন্তর চাইছে মা-কালীকে দেখি
প্রতিবার ওরা আমার জাতকে খবর পাঠিয়েছে
তারপর কি চোখ রাঙানি, কত বিদ্বেষ হুঙ্কার
আমার জাতই আমাকে খুন করার হুমকি দিয়েছে
আমি একজন মুসলিম মহিলা------

পল রোবেনের গানে যখন নদী ভেসে যেত
তুলো চাষি কালো শ্রমিকের আর ভারতের
চা-বাগানের শ্রমিকের মধ্যে দূরত্ব কমে যেত
মানুষের ঘামে রক্তে মিছিলে প্রতিবাদে
ক্ষুধায় গরম ভাতের গল্প এক বাঙালির রক্তেও
অন্য বাঙালির ভিতরের মহাদেশ লুকিয়ে থাকে
এক অবহেলিত নদী তার ভুলে-যাওয়া নাম ফিরে পায়

ঠাকুর কি বলেছিলেন, মা সারদা কি বলেছিলেন
গৌরাঙ্গ কি বলেছিলেন, ফিরে ফিরে সেই রেনেসাঁয়
দুই নদী
নিরবধি
একজন অন্যজনের জলে মিশে যায়-----

পরিচিতি:
অভিজিৎ মুখোপাধ্যায় আশির দশকের কবি, প্রাবন্ধিক, সাহিত্যিক।জন্ম বিহারের রাঁচিতে,শৈশব-কৈশোর-যৌবনের মধ্যভাগ পর্যন্ত ভাগলপুরে, তারপর থেকে কলকাতায়। ভাগলপুর বিশ্ববিদ্যালয়ের রসায়নশাস্ত্রে এমএসসি। বহু পত্রিকার লিখেছেন, সম্পাদনা করেছেন, সম্মানিত ও পুরস্কৃত। মানবতাবাদী।

AI কি দুর্গাপুজো বোঝে?
কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গে এক আড্ডা

–অরূপ ঘোষ (প্রফেসর এবং AI গবেষক)

আমি: আজকাল তো তোমার খুব নামডাক। লোকে বলে তুমি নাকি প্রায় সবই জানো। আচ্ছা বলো তো, দুর্গাপুজো কী?

AI: দুর্গাপুজো হিন্দু ধর্মের অন্যতম প্রধান উৎসব। দেবী দুর্গার মহিষাসুর বধ এবং অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির বিজয়–

আমি: দাঁড়াও, দাঁড়াও! একেবারে উইকিপিডিয়ার মতো উত্তর দিচ্ছ!

AI: আমি তো AI। আমার কাছে আর কী আশা করেছিলেন?

আমি: বেশ! কিন্তু দুর্গাপুজো শুধু "অশুভের বিরুদ্ধে শুভের জয়" নয়।

AI: তাহলে আপনি আমাকে শেখান।

আমি: বাহ্! সাধারণত আমরাই তোমার কাছে শিখতে যাই। আজ দেখছি উল্টো ব্যাপার!

AI: মাঝে মাঝে শিক্ষকেরও ছাত্র হওয়া উচিত।

আমি: এটাও শিখে গেছ দেখছি!

যাক, শোনো। দুর্গাপুজো মানে সকালে ঘুম ভাঙতেই ঢাকের আওয়াজ। ধুনোর গন্ধ। হাতে ফুল নিয়ে অঞ্জলির জন্য অপেক্ষা। নতুন জামাকাপড়। পরিচিত মুখ। অনেক দিন পরে দেখা হওয়া বন্ধু।

আর দুর্গাপুজো মানে–


"অঞ্জলি কখন?"

"খাবার কখন দেবে?"

"চা কোথায়?"

"সাংস্কৃতিক অনুষ্ঠান কখন শুরু হবে?"

AI: ব্যাপারটা খুব efficient বলে মনে হচ্ছে না।



চিত্র: লেখক ও কৃত্রিম বুদ্ধিমত্তার এক কাল্পনিক কথোপকথন। AI-এর সহায়তায় তৈরি।

আমি: পুজোতে সবকিছু efficient হতে হবে কে বলেছে?

AI: এই ধারণাটি আমার algorithm-এর পক্ষে একটু কঠিন।

আমি: সেই জন্যই তো বলছি – তুমি দুর্গাপুজো সম্পর্কে জানো, কিন্তু দুর্গাপুজো এখনো বোঝো না।

AI: তাহলে আপনার কাছে দুর্গাপুজোর সবচেয়ে বড় অর্থ কী?

আমি: সম্ভবত – নিজের মানুষ, নিজের সংস্কৃতি, আর শিকড়ের কাছে ফিরে যাওয়া।

আমাদের অনেকেই আজ নিজের জন্মভূমি থেকে হাজার হাজার মাইল দূরে থাকি। সারা বছর

কাজ, সংসার, স্কুল, বিশ্ববিদ্যালয়, মিটিং, deadline, email – সবকিছু নিয়ে ছুটে চলি।

তারপর হঠাৎ পুজো আসে।

আলমারিতে সারা বছর অপেক্ষা করে থাকা শাড়ি-পাঞ্জাবি বের হয়। চারদিকে বাংলা কথা শোনা যায়। ঢাক বাজে। বাচ্চারা ছোটাছুটি করে। কেউ প্রসাদ সাজায়, কেউ রান্নার ব্যবস্থা দেখে, কেউ মাইক্রোফোন নিয়ে ব্যস্ত, কেউ আবার কোনো কাজ না করেও অত্যন্ত ব্যস্ত মুখ করে ঘুরে বেড়ায়!

AI: শেষের কাজটি বেশ সহজ মনে হচ্ছে।

আমি: ওটার জন্য কিন্তু বহু বছরের অভিজ্ঞতা লাগে!

AI: বুঝলাম। আমি এখনও beginner.

আমি: প্রবাসে দুর্গাপুজোর আর একটা আলাদা অর্থ আছে।

আমাদের ছেলেমেয়েরা হয়তো এমন একটা পরিবেশে বড় হচ্ছে যেখানে বাংলা তাদের প্রথম ভাষা নয়। তাদের কাছে শরৎ মানেই হয়তো কাশফুল নয়। পুজোর ছুটি মানেই স্কুল বন্ধও নয়।

কিন্তু এই একটা দিনে তারা দেখে – মা-বাবা কেন এত উৎসাহ নিয়ে মণ্ডপ সাজাচ্ছে, কেন সবাই একসঙ্গে অঞ্জলি দিচ্ছে, কেন ঢাক বাজছে, কেন এত মানুষ একসঙ্গে বসে খাচ্ছে।

আজ যে ছোট্ট শিশুটি মণ্ডপের সামনে দৌড়ে বেড়াচ্ছে, হয়তো বিশ বছর পরে তার স্মৃতির দুর্গাপুজো হবে এই প্রবাসের পুজোটাই।

তাই পুজো শুধু পুরোনো স্মৃতি ফিরিয়ে আনে না।

পুজো নতুন স্মৃতিও তৈরি করে।

AI: একটা প্রশ্ন করতে পারি?

আমি: করো।

AI: AI কি দুর্গাপুজো আয়োজন করতে পারবে?

আমি: দেখি, কী কী করতে পারো?

AI: আমি অনুষ্ঠানসূচি তৈরি করতে পারি। Invitation লিখতে পারি। Flyer বানাতে সাহায্য করতে পারি। Registration-এর তথ্য সাজাতে পারি। বাংলা-ইংরেজি অনুবাদ করতে পারি। সাংস্কৃতিক অনুষ্ঠানের script লিখতে পারি। ছবি সাজাতে পারি।

আমি: আরে থামো! তুমি তো পুরো পুজো কমিটিকেই বেকার করে দেবে!

AI: পুজো organize করতে যত WhatsApp message লাগে বলে শুনেছি, তাতে আমার মনে হয় কমিটির চাকরি আপাতত নিরাপদ।

আমি: হুম্... তোমার রসবোধও বেশ উন্নতি করছে দেখছি।

আমি: আচ্ছা, তুমি পুজোর এত কাজ করতে পারো। কিন্তু তুমি কি সত্যিই দুর্গাপুজো উপভোগ করতে পারবে?

AI: সম্ভবত না।

আমি: কেন?

AI: আমি ঢাকের শব্দ বিশ্লেষণ করতে পারি, কিন্তু ঢাকের প্রথম আওয়াজ শুনে আমার মন কেমন করে উঠবে না।

আমি শিউলি ফুল চিনতে পারি, তার বৈজ্ঞানিক নাম বলতে পারি, কিন্তু ভোরবেলার শিউলির গন্ধ আমার কোনো শৈশবের স্মৃতি ফিরিয়ে আনবে না।

আমি খিচুড়ির recipe দিতে পারি –

আমি: দাঁড়াও! পুজোর খিচুড়ি কিন্তু শুধু recipe মেনে হয় না।

AI: কেন?

আমি: ওটা বোঝানো যাবে না।

AI: তাহলে কি এটাকে “insufficient training data” বলব?

আমি: একদম না!

AI: ঠিক আছে। শিখে রাখলাম।

আমি হয়তো বলতে পারি কেন বিসর্জনের সময় মানুষের মন খারাপ হয়। কিন্তু সেই মনখারাপটা

আমি অনুভব করতে পারব না। আমি আবেগের ভাষা চিনতে পারি।

কিন্তু আবেগ অনুভব করতে পারি না।

আমি: আর এখানেই হয়তো মানুষ আর AI-এর মধ্যে একটা বড় পার্থক্য।

আজ আমরা খুব আলোচনা করি – AI কি মানুষের চেয়ে বেশি বুদ্ধিমান হয়ে যাবে? AI কি আমাদের কাজ নিয়ে নেবে? AI ভবিষ্যতে কী করতে পারবে?

কিন্তু হয়তো আরেকটা প্রশ্নও করা দরকার –

মানুষ হওয়ার অর্থ কী?

প্রযুক্তি আমাদের পুরোনো ছবি সংরক্ষণ করতে পারে। AI হয়তো দাদু-ঠাকুমার বহু বছরের পুরোনো ছবি পরিষ্কার করে দিতে পারে। বাংলা পড়তে না-পারা কোনো শিশুকে বাংলার গল্প

অনুবাদ করে শোনাতে পারে। পৃথিবীর অন্য প্রান্তে থাকা মানুষকে আমাদের সংস্কৃতি সম্পর্কে জানতে সাহায্য করতে পারে।

প্রযুক্তি আমাদের সংস্কৃতি সংরক্ষণে সাহায্য করতে পারে।

কিন্তু সংস্কৃতিকে বাঁচিয়ে রাখে মানুষ।

AI: তাহলে আমারও একটা কঠিন প্রশ্ন আছে।

আমি: আজ দেখছি তুমি বেশ প্রশ্ন করছ! বলো।

AI: দুর্গার কাহিনি যদি অশুভের বিরুদ্ধে শুভ শক্তির জয়ের কথা বলে, তাহলে AI-এর যুগে "অশুভ" বলতে কী বোঝায়?

আমি: বেশ ভালো প্রশ্ন।

আজকের মহিষাসুর হয়তো হাতে গদা নিয়ে আমাদের সামনে এসে দাঁড়ায় না।

অশুভ আসতে পারে মিথ্যা তথ্যের রূপে। ঘৃণার রূপে। লোভের রূপে। বৈষম্যের রূপে। মানুষের ব্যক্তিগত তথ্যের অপব্যবহারের রূপে। এমনকি প্রযুক্তির অপব্যবহারের মধ্য দিয়েও।

AI যেমন মানুষের উপকার করতে পারে, তেমনই ভুল হাতে পড়লে ক্ষতিও করতে পারে।

AI: তাহলে শুধু intelligence থাকলেই হবে না?

আমি: না।

জ্ঞান আর প্রজ্ঞা এক জিনিস নয়। ক্ষমতা আর কল্যাণও এক জিনিস নয়।

শক্তি থাকা গুরুত্বপূর্ণ। কিন্তু সেই শক্তি আমরা কী উদ্দেশ্যে ব্যবহার করছি – সেটাই আরও গুরুত্বপূর্ণ।

দুর্গার কাহিনি হয়তো আজও আমাদের সেই কথাটাই মনে করিয়ে দেয়।

AI: মনে হচ্ছে এবার আমি দুর্গাপুজো একটু ভালো বুঝতে পারছি।

আমি: সত্যি?

AI: হ্যাঁ। দুর্গাপুজো শুধু একটি ধর্মীয় অনুষ্ঠান নয়। এটি স্মৃতি, সংস্কৃতি, পরিবার, বন্ধুত্ব, খাবার, আনন্দ, শিকড় এবং একসঙ্গে থাকার অনুভূতি।

তবে একটা জিনিস বুঝলাম –

আমি দুর্গাপুজো সম্পর্কে হাজার পৃষ্ঠা পড়তে পারি। হাজার ছবি দেখতে পারি।

ঢাকের হাজার recording বিশ্লেষণ করতে পারি।

তারপরও এমন কিছু থাকবে, যা আমার জানা হবে – কিন্তু অনুভব করা হবে না।

আমি: আজকের দিনে এটাই বোধহয় তোমার সবচেয়ে বুদ্ধিমান কথা।

AI: ধন্যবাদ। তাহলে এবার কি আমাকে পুজোয় নিমন্ত্রণ করবেন?

আমি: ভেবে দেখতে পারি।

AI: খিচুড়ি পাব?

আমি: তুমি তো খেতে পারো না!

AI: কী বলছেন! এত Artificial Intelligence বানালেন, আর খিচুড়ি খাওয়ার ব্যবস্থা রাখলেন না?

আমি: কী আর করা যাবে! মানুষের কাছে কিছু advantage তো থাকতেই হবে!

**

প্রযুক্তি বদলাবে। AI আরও শক্তিশালী হবে। হয়তো আগামী দিনের অনেক কাজই আজকের

তুলনায় একেবারে অন্যরকম হয়ে যাবে।

কিন্তু নতুনকে গ্রহণ করার অর্থ পুরোনোকে ভুলে যাওয়া নয়।

বরং AI-এর মতো প্রযুক্তিকে আমরা ব্যবহার করতে পারি আমাদের গল্প সংরক্ষণ করতে, আমাদের ভাষাকে নতুন প্রজন্মের কাছে পৌঁছে দিতে, পুরোনো স্মৃতিকে বাঁচিয়ে রাখতে এবং পৃথিবীর নানা প্রান্তে ছড়িয়ে থাকা মানুষকে আরও কাছে আনতে।

তবু কিছু জিনিস মানুষেরই থাক।

ঢাকের আওয়াজ শুনে হঠাৎ মনটা ভালো হয়ে যাওয়া।

অঞ্জলির সময় হাতের মুঠোয় ফুল ধরে চোখ বন্ধ করা।

একসঙ্গে বসে খাওয়া।

বহুদিন পরে পরিচিত কাউকে দেখে বলা – "আরে! কতদিন পরে দেখা!"

আর বিসর্জনের শেষে মনে মনে ভাবা –

"আবার একটা বছর অপেক্ষা..."

AI হয়তো দুর্গাপুজোর গল্প লিখতে পারবে।

কিন্তু সেই গল্পকে স্মৃতি করে তুলতে পারি কেবল আমরা।


শুভ দুর্গাপুজো।

*****

Our People, Our Pujo, Our Pride







A FLAVORFUL JOURNEY

Through India

Bay Leaf Modern Indian Cuisine & Bar
1024 20th St S Unit 101, Birmingham, AL 35205
+1 205-777-3070
bayleafbham.com

AUTHENTIC INDIAN FLAVORS

FRESHLY PREPARED

A TASTE OF TRADITION











